# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০২১ সালের ৫ম বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ : ২৭ অক্টোবর, ২০২১
সময় : সকাল ০৯-৩০ টা
স্থান : সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি : ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সেলিম মাহমুদ, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

উপস্থিতি : সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

২০২১ সালের ৫ম সভায় নবনিযুক্ত দুই জন সদস্য লেঃ কর্নেল মোঃ মারুফুল আবেদীন, বীর, এএএন্ডকিউএমজি, সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়া, ঢাকা সেনানিবাস এবং মেজর এ টি এম আহসান হাবিব, আর্টিলারী, এডহক স্টেশন সদর দপ্তর, মিরপুর, ঢাকাসহ উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম আরম্ভ করেন। উপস্থাপিত আলোচ্যসূচীর উপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

আলোচ্যবিষয়-১: ২৯ আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ।

আলোচনা: গত ২৯ আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২১ সালের চতুর্থ বোর্ডসভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। মোট ৩০টি গৃহীত সিদ্ধান্তের বিপরীতে ৩০টির উপর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সিদ্ধান্ত বাস্তবায়নের হার ১০০%। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য কর্নেল সৈয়দ ওবায়দুল্লাহ হেল সাফী, এএফডব্লিউসি, পিএসসি, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য লেঃ কর্নেল মোঃ মেজবাহ উদ্দিন খান, এএএন্ডকিউএমজি, সিএমএইচ, ঢাকা, প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস ২০২১ সালের চতুর্থ বোর্ডসভার কার্যবিবরণী নিশ্চিত করার জন্য সমর্থন করেন।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০২১ সালের চতুর্থ বোর্ডসভার কার্যবিবরণী নিশ্চিত করা হয় এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

আলোচ্যবিষয়-২: আগস্ট ও সেপ্টেম্বর, ২০২১ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আগস্ট, ২০২১ মাসে ১,৪২,২৫,৭৬৯/- (এক কোটি বিয়াল্লিশ লক্ষ পঁচিশ হাজার সাতশত উনসত্তর) টাকা এবং সেপ্টেম্বর, ২০২১ মাসে ২,৬১,২৯,২৩৭/- (দুই কোটি একষট্টি লক্ষ উনত্রিশ হাজার দুইশত সাইত্রিশ) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০২১-২০২২ অর্থ বছরের প্রাক্কলিত আয় ২১,১৮,২৮,০০০/- (একুশ কোটি আঠার লক্ষ আটাশ হাজার) টাকার বিপরীতে সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত রিবেটসহ আদায় হয়েছে ১০,২৪,৯৭,৬২৯/- (দশ কোটি চব্বিশ লক্ষ সাতানব্বই হাজার ছয়শত উনত্রিশ) টাকা, যা মোট দাবীর ৪৮.৩৮%।

সিদ্ধান্ত:
২.১: আগস্ট ও সেপ্টেম্বর-২০২১ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী অবলোকন করা হলো।
২.২: বোর্ডের আওতাধীন এলাকার বকেয়া রাজস্ব আদায় জোরদার করতে হবে।
২.৩: সঠিকভাবে রাজস্ব/দাবী এসেসমেন্ট করতে হবে।
২.৪: ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব আদায়সহ সকল কার্যক্রম ডিজিটাইজড্ করার লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করা হলোঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | মেজর স্মৃতি দত্ত, আর্টিলারী<br>লজিস্টিকস্ এরিয়া এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস | -- | আহ্বায়ক |
| (২) | জনাব নাফিস হায়দার<br>সহকারী প্রকৌশলী (সিভিল), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | জনাব মোহাম্মদ মাসুদ রানা<br>কম্পিউটার অপারেটর, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | জনাব মোঃ ওমর ফারুক<br>রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য-সচিব |

আগামী বোর্ডসভায় উক্ত কমিটি পূর্ণাঙ্গ ডিজিটাইজ রাজস্ব ও হিসাব ব্যবস্থা অনুমোদনের নিমিত্ত প্রস্তাব পেশ করবে।

আলোচ্যবিষয়-৩: আগস্ট ও সেপ্টেম্বর, ২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

আলোচনা:

৩.১: স্থানীয় আয়ের উৎস হতে আগস্ট, ২০২১ মাসে ২,৬৬,৮৪,৩৩৯/- (দুই কোটি ছেষট্টি লক্ষ চুরাশি হাজার তিনশত উনচল্লিশ) টাকা এবং সেপ্টেম্বর, ২০২১ মাসে ৪,১৩,৮৭,০৩২/- (চার কোটি তের লক্ষ সাতাশি হাজার বত্রিশ) টাকা আয় হয়েছে।

৩.২: মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় আগস্ট, ২০২১ মাসে ৮,১১,৮৫,৫৪৩/- (আট কোটি এগার লক্ষ পঁচাশি হাজার পাঁচশত তেতাল্লিশ) টাকা এবং সেপ্টেম্বর ২০২১ মাসে ৬,৯০,৮০,৪১১/- (ছয় কোটি নব্বই লক্ষ আশি হাজার চারশত এগার) টাকা।

৩.৩: অপরদিকে আগস্ট, ২০২১ মাসে সর্বমোট ব্যয় ৫,৪১,৭৯,৪৬৬/- (পাঁচ কোটি একচল্লিশ লক্ষ উনআশি হাজার চারশত ছেষট্টি) টাকা এবং সেপ্টেম্বর, ২০২১ মাসে সর্বমোট ব্যয় ৫,৯৬,৫৩,৯৪৮/- (পাঁচ কোটি ছিয়ানব্বই লক্ষ তিপ্পান্ন হাজার নয়শত আটচল্লিশ) টাকা।

সিদ্ধান্ত: আগস্ট ও সেপ্টেম্বর-২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো। হিসাব সংক্রান্ত সকল তথ্য সফটওয়্যারের মাধ্যমে পরিচালনা করতে হবে।

আলোচ্যবিষয়-৪: সেপ্টেম্বর, ২০২১ মাসের স্বাস্থ্য বিবরণী অবলোকন।

আলোচনা: স্টেশন হেল্থ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, ঢাকা সেনানিবাস এলাকায় স্বাস্থ্যগত পরিবেশ-সন্তোষজনক। সঠিক স্বাস্থ্যগত পরিবেশ ও পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। সকলকে বাংলাদেশ আর্মি আদেশ ০৩/৯৬ কঠোরভাবে পালন করার জন্য উক্ত প্রতিবেদনে পরামর্শ দেয়া হয়। স্টেশন সদর দপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড ও ষ্টেশন হেল্থ অর্গানাইজেশন, ঢাকা কর্তৃক দৈনিক, মাসিক ও বিশেষ কর্মসূচীর মাধ্যমে ঢাকা সেনানিবাসের সকল এলাকায় নিয়মিত ভাবে মশা, মাছি ও কীটপতঙ্গ নিধনকারী ঔষধ ছিটানো হচ্ছে। এসবিএও ০৩/৯৬ অনুযায়ী ইউনিট/সংস্থান নিজস্ব এলাকায় এ্যন্টি ম্যালেরিয়া কার্যক্রম পরিচালনা করার জন্য উক্ত প্রতিবেদনে পরামর্শ দেয়া হয়। অতিমারী করোনার (কোভিড-১৯) কারণে ঢাকা সেনানিবাসে পরিস্কার-পরিচ্ছন্নতা, উন্মুক্ত রাস্তায় নিয়মিত ব্লিচিং পাউডার ছিটানো ও স্বাস্থ্য সম্মত পরিবেশ নিশ্চিত করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডসহ ঢাকা সেনানিবাসের অন্যান্য সংস্থা নিরবচ্ছিন্নভাবে কার্যক্রম পরিচালনা করে আসছে। স্টেশন সদর দপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন হেল্থ অর্গানাইজেশন এডিস মশার লার্ভা নিধনে ঢাকা সেনানিবাস ও সকল ডিওএইচএস এলাকায় নিয়মিত কার্যক্রম পরিচালনা করছে বলে সভায় অবহিত করা হয়।

সিদ্ধান্ত:

৪.১: সেনানিবাসের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়মিত তদারকি করতে হবে এবং মশা-মাছি ও কীট পতঙ্গ দমন কার্যক্রম নিয়মিত পরিচালনা করতে হবে। সেনানিবাস ও ডিওএইচএস এলাকায় ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে সর্বাত্মক কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৪.২: আসন্ন শীত মৌশুমে মশার উপদ্রব বৃদ্ধি পেতে পারে বিধায় নভেম্বর, ২০২১ মাসে মশক নিধন এবং পরিষ্কার পরিচ্ছন্নতা কাজে বিশেষ অভিযান (ক্যাপিটাল ক্লিনিং) পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৫: জাতীয় জন্ম নিবন্ধন দিবস-২০২১ উপলক্ষে স্থানীয় সরকার মন্ত্রণালয় কর্তৃক সারা দেশের মধ্যে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে বিশেষ অবদানের জন্য সম্মাননা ও ক্রেস্ট প্রদানের বিষয় অবলোকন।

আলোচনা: প্রতি বছর ৬ অক্টোবর, ২০২১ তারিখে জাতীয় জন্ম নিবন্ধন দিবস উদযাপন করা হয় এবং সারা দেশের মধ্যে সবচেয়ে উত্তম সেবা প্রদানকারী দপ্তরকে সম্মাননা ও ক্রেস্ট প্রদান করা হয়। এ বছর জন্ম নিবন্ধনে সারা দেশের মধ্যে অসামান্য অবদান রাখার জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে সম্মাননা প্রদান করা হয়েছে এবং মাননীয় স্থানীয় সরকার মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি কর্তৃক ক্রেস্ট প্রদান করা হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার জনাব কাজী মোহাম্মদ হাসান ক্রেস্ট গ্রহণ করেন।

সিদ্ধান্ত: জন্ম নিবন্ধন কার্যক্রমে সারা দেশের মধ্যে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অর্জিত এই অসামান্য অর্জনের জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজে নিয়োজিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারী ও ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারকে বোর্ডের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং ভবিষ্যতেও যাতে এই ধারা অব্যাহত থাকে তা নিশ্চিত করার জন্য তাগিদ প্রদান করা হয়।

আলোচ্যবিষয়-৬: রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এটুআই এর সহায়তায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ডিজিটাল নথি (ডি-নথি) কার্যক্রম বাস্তবায়নাধীন আছে। পেপারলেস অফিস ও সুষ্ঠু নাগরিক সেবা নিশ্চিতকল্পে অত্র দপ্তরের বিভিন্ন শাখায় ০৬ টি ব্র্যান্ড ডেস্কটপ কম্পিউটার, একটি লেজার প্রিন্টার ও ৬টি ফ্ল্যাট বেড স্ক্যানার ও ১টি এ-৩ লেজার স্ক্যানার ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এটুআই এর সহায়তায় সরকারি দপ্তরে (মাঠ পর্যায় থেকে মন্ত্রণালয় পর্যন্ত) ডি-নথি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। ডি-নথি বাস্তবায়নের জন্য এটুআই কর্তৃক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪০ জন কর্মকর্তা কর্মচারীকে গত ৮ ও ৯ অক্টোবর, ২০২১ তারিখ দুই দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ক্যান্টনমেন্ট বোর্ডের ব্যবহারকারী ও নথি ডিনথিতে সংযুক্ত করার কার্যক্রম চলমান আছে। ডিনথি আরম্ভ করার জন্য অত্র দপ্তরের বিভিন্ন শাখায় আরো ০৬(ছয়)টি উন্নতমানের কম্পিউটার ও ০৭(সাত)টি স্ক্যানার প্রয়োজন। উক্ত কম্পিউটার ও স্ক্যানার ক্রয়ের জন্য আনুমানিক ৮,২৭,৯৭০/- (আট লক্ষ সাতাশ হাজার নয়শত সত্তর) টাকা প্রয়োজন হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত: ডিজিটাল নথি বাস্তয়নের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রশাসনিক শাখার জন্য ৩টি ও প্রকৌশল শাখার জন্য ৩টিসহ মোট ছয়টি ব্র্যান্ড ডেস্কটপ কম্পিউটার, একটি লেজার প্রিন্টার এবং বিভিন্ন শাখার জন্য ৬টি ফ্ল্যাট বেড স্ক্যানার ও ১টি এ-৩ লেজার স্ক্যানার ক্রয়ের জন্য ৮,৬৯,৯৭০/- (আট লক্ষ উনসত্তর হাজার নয়শত সত্তর) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৭: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত ফ্ল্যাটসমূহ নামজারীর অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত:

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআইএর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবাদলিলমূলে | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী নং-৩৭/এ, ফ্ল্যাট নং-৫/এ (৫ম তলা) রোড নং-৫(নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) এ. এইচ. এম. আব্দুল মোমেন, পিএসসি চেয়ারম্যান মোমেন রিয়েল এস্টেটস লিমিটেড (জনাব সালাহউদ্দিন আহমেদ সেলিম এবং গং এর নিযুক্তীয় আম-মোক্তার) বাড়ী নং-১৫৭, রোড নং-১২, ব্লক-ই, বনানী আ/এ, ঢাকা। | জনাব আব্দুস সামাদ পিতা-মরহুম আব্দুল হাফিজ প্লট নং-৩৭/এ, ফ্ল্যাট নং-৫/এ, ৫ম তলা, রোড নং-৫ (নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-১৪/৯/২০২১ | ০৪ মার্চ ২০২১ তারিখের ২৩.০১.৯০১.৮০০ .০২.১২১.০১.৪৩৭ ৮.০৪.০৩.২০২১ নং পত্র। | ১৫ জুলাই ২০২১ তারিখের ২৩.২২.৭০০১. ০১৬.০৫.০০৫. ২০২০.প্ল.৩৭এ .ফ্ল্যা.৫এ-৮৪৫ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৭৮৭ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ নামজারীর অনুমতি। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ২. | বাড়ী নং-৪৩/ই, ফ্ল্যাট নং-৩/বি (৩য় তলা উত্তর) , রোড নং-৮ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ১) মেজর জেনারেল আবুল কালাম আজাদ (অবঃ) (২) লেঃ কর্ণেল (অবঃ) শিরিন বানু, বাড়ী নং-৪৮৯/এ, রোড-৮/সি, বারিধারা ডিওএইচএস, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ১) কর্ণেল মীর আজিম উদ্দিন আহমেদ, পিতা-মরহুম ডাঃ মীর রমিজ উদ্দিন আহমেদ (২) কর্ণেল শায়লা পারভীন, স্বামী-কর্ণেল মীর আজিম উদ্দিন আহমেদ বাড়ী নং-১৪৯, সেন্ট রোড, কাঁঠাল বাগান, ঢাকা-১২০৫। তারিখ-১৬/৯/২০২১ | ০৬ অক্টোবর ২০২০ তারিখের ২৩.০১.৯০১.৮০০ .০২.১২১.০১.১০০ ৬৫৮.০৬.১০.২০ নং পত্র। | ০৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখের ২৩.২২.৭০০১. ০১৬.০৫.০০৫. ২০০৮.প্ল.৪৩ই .ফ্ল্যা.৩বি-১৫৭৯ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৯৪০ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ নামজারীর অনুমতি। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৩. | প্লট নং-০৯, ফ্ল্যাট নং-ডি/৫ (৬ষ্ঠ তলা উঃ পঃ), রোড নং-০১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ মোসলেম উদ্দিন ভূইয়া, পিতা-আব্দুল আজিজ ভূইয়া ঠিকানা-বাড়ী নং-৯, ফ্ল্যাট নং-ডি/৫, রোড নং-০১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | জনাব মহি উদ্দিন ভূইয়া সিয়াম, পিতা মোঃ মোসলেম উদ্দিন ভূইয়া, ঠিকানা-বাড়ী নং-৯, ফ্ল্যাট নং-ডি/৫ (৬ষ্ঠ তলা), রোড নং-০১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-০৪/০৩/২০২১ | হেবা বিষয়ক ঘোষণাপত্র দলিলমূলে | ২৫ জুন ২০১৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং-৯/ফ্ল্যাট নং-ডি/৫(৬ষ্ঠ তলা উত্তর-পশ্চিম)/৫৩ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ২১০২ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচতলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪. | প্লট নং-০৯, ফ্ল্যাট নং-সি/৫ (৬ষ্ঠ তলা পঃ দঃ), রোড নং-০১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ জামসেদ চৌধুরী, পিতা-ডাঃ এম এ এম চৌধুরী, ঠিকানা-বাড়ী নং-৯, রোড নং-০১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | জনাব মোঃ মোসলেম উদ্দিন ভূইয়া, পিতা-মরহুম আব্দুল আজিজ ভূইয়া ঠিকানা-বাড়ী নং-৯, ফ্ল্যাট নং-ডি/৫, রোড নং-০১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | ১১ নভেম্বর ২০২০ তারিখের ২৩.০১.৯০১.৮০০ .০৩.০২৮.০১.১১. ১১.২০. নং পত্র। | ০৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখের ২৩.২২.৭০০১. ০১৬.০৫.০০৫. ২০১৮.প্লট.৯. ফ্ল্যা.সি৫-১৫৭৫ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ২১০২ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচতলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |
| ৫. | বাড়ী নং-২১, ফ্ল্যাট নং-বিএস/৪ (৫ম তলা), রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব মোঃ মজিবর রহমান, পিতা-মরহুম নুরুল আমিন, বাড়ী নং-২১, ফ্ল্যাট নং-বিএস/৪, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ তারিখ-১২/১২/২০১৮ | ওহী রহমান স্বামী- মুহাম্মদ আক্তার হোসেন, পিতা-মোঃ মজিবর রহমান, বাড়ী নং-২১, বিএস/৪, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-১২/০৮/২০২১ | হেবা বিষয়ক ঘোষণাপত্র দলিলমূলে | ১৮ নভেম্বর ২০২০ তারিখের ২৩.২২.৭০০১. ০১৬.০৫.০০৫. ২০০০.প্ল.২১. ফ্ল.বিএস৪-১১৬৩ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৩৭২ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচতলায় ০১ (এক) টি কারপার্কিং (পার্কিং নং-এস-৪) এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |
| ৬. | বাড়ী নং-২৩, ফ্ল্যাট নং-৫(৩য় তলা), রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব তোফাজ্জল হোসেন ভূইয়া, পিতা- মৃত শামসুদ্দিন ভূইয়া, বাড়ী নং-২৩, ফ্ল্যাট নং-৫(৩য় তলা), রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | (১) পারভীন জাহান, স্বামী-মৃত তোফাজ্জল হোসেন ভূইয়া (২) তানভীর হোসেন ভূইয়া (৩) তৌফিক হোসেন ভূইয়া (৪) তৌকির হোসেন ভূইয়া, সর্বপিতা-মৃত তোফাজ্জল হোসেন ভূইয়া বাড়ী নং-২৩, ফ্ল্যাট নং-৫, (৩য় তলা), রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-১২/১০/২০২১ | উত্তরাধিকারসূত্রে ওয়ারিশগণের নামে নামজারী | | ফ্ল্যাটের আয়তন ১৩৫০ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচতলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |
| ৭. | বাড়ী নং-৪৫, রোড নং-৯ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | জনাব নিজাম উদ্দিন চৌধুরী, পিতা- আব্দুল হাকিম চৌধুরী বাড়ী নং-৪৫, রোড নং-৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | (১) ফওজিয়া চৌধুরী স্বামী- নিজাম উদ্দিন চৌধুরী (২) সুমাক জেরিদা চৌধুরী (৩) ফাইজাহ সামাঞ্জার চৌধুরী, উভয়ের পিতা-নিজাম উদ্দিন চৌধুরী, বাড়ী নং-৪৫, রোড নং-৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-০৭/০১/২০২১ | হেবা বিষয়ক ঘোষণাপত্র দলিলমূলে | | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট জমি বিশিষ্ট ৪৫ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর যৌথ মালিকানার জনাব নিজাম উদ্দিন চৌধুরীর অংশ তার এক স্ত্রী এবং দুই কন্যার নামে হেবা বিষয়ক দলিল মূলে নামজারীর অনুমতি। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্রস্তাবিত ফ্ল্যাটগুলো নিম্নবর্ণিতভাবে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর | বিক্রেতা/দাতার নাম | গ্রহীতা/ক্রেতার নাম | ফ্ল্যাটের আয়তন ও অন্যান্য সুবিধাদি | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী নং-৩৭/এ, ফ্ল্যাট নং-৫/এ (৫ম তলা) রোড নং-৫(নাজির রোড) | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) এ. এইচ. এম. আব্দুল মোমেন, পিএসসি চেয়ারম্যান মোমেন রিয়েল এস্টেটস লিমিটেড (জনাব সালাহউদ্দিন আহমেদ সেলিম এবং গং এর নিযুক্তীয় আম-মোক্তার) | জনাব আব্দুস সামাদ পিতা-মরহুম আব্দুল হাফিজ | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৭৮৭ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ। | রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা জনাব আব্দুস সামাদ , পিতা-মরহুম আব্দুল হাফিজ, মাতা-সৈয়দা গুলশান আরা বেগম এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২. | বাড়ী নং-৪৩/ই, ফ্ল্যাট নং-৩/বি (৩য় তলা উত্তর), রোড নং-৮ | ১) মেজর জেনারেল আবুল কালাম আজাদ (অবঃ) (২) লেঃ কর্ণেল (অবঃ) শিরিন বানু | ১) কর্ণেল মীর আজিম উদ্দিন আহমেদ, পিতা-মরহুম ডাঃ মীর রমিজ উদ্দিন আহমেদ (২) কর্ণেল শায়লা পারভীন, স্বামী-কর্ণেল মীর আজিম উদ্দিন আহমেদ | ফ্ল্যাটের আয়তন কমবেশী ১৯৪০ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচতলায় ০১(এক)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ। | রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা ১) কর্ণেল মীর আজিম উদ্দিন আহমেদ, পিতা-মরহুম ডাঃ মীর রমিজ উদ্দিন আহমেদ (২) কর্ণেল শায়লা পারভীন, স্বামী-কর্ণেল মীর আজিম উদ্দিন আহমেদ এর নামে যৌথভাবে অবিভক্ত ও অচিহ্নিত অবস্থায় নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ৩. | প্লট নং-০৯, ফ্ল্যাট নং-ডি/৫ (৬ষ্ঠ তলা উঃ পঃ), রোড নং-০১ | জনাব মোঃ মোসলেম উদ্দিন ভূইয়া, পিতা-আব্দুল আজিজ ভূইয়া | জনাব মহি উদ্দিন ভূইয়া সিয়াম, পিতা মোঃ মোসলেম উদ্দিন ভূইয়া, | ফ্ল্যাটের আয়তন ২১০২ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচতলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ হেবা বিষয়ক ঘোষণাপত্র দলিলমূলে নামজারী। | হেবা বিষয়ক রেজিস্ট্রিকৃত ঘোষণাপত্র দলিলমূলে জনাব মহি উদ্দিন ভূইয়া সিয়াম, পিতা মোঃ মোসলেম উদ্দিন ভূইয়া এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ৪. | প্লট নং-০৯, ফ্ল্যাট নং-সি/৫ (৬ষ্ঠ তলা পঃ দঃ), রোড নং-০১ | জনাব মোঃ জামসেদ চৌধুরী, পিতা-ডাঃ এম এ এম চৌধুরী, | জনাব মোঃ মোসলেম উদ্দিন ভূইয়া, পিতা-মরহুম আব্দুল আজিজ ভূইয়া | ফ্ল্যাটের আয়তন ২১০২ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচতলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ। | রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা জনাব মোঃ মোসলেম উদ্দিন ভূইয়া, পিতা-মরহুম আব্দুল আজিজ ভূইয়া এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ৫. | বাড়ী নং-২১, ফ্ল্যাট নং-বিএস/৪ (৫ম তলা), রোড নং-৪ | জনাব মোঃ মজিবর রহমান, পিতা-মরহুম রুহুল আমিন | ওহী রহমান স্বামী- মুহাম্মদ আক্তার হোসেন, পিতা-মোঃ মজিবর রহমান | ফ্ল্যাটের আয়তন ১৩৭২ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচতলায় ০১ (এক) টি কারপার্কিং (পার্কিং নং-এস-৪) এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ হেবা বিষয়ক ঘোষণাপত্র দলিলমূলে নামজারী | হেবা বিষয়ক রেজিস্ট্রিকৃত ঘোষণাপত্র দলিলমূলে ওহী রহমান স্বামী- মুহাম্মদ আক্তার হোসেন, পিতা-মোঃ মজিবর রহমান এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ৬. | বাড়ী নং-২৩, ফ্ল্যাট নং-৫(৩য় তলা), রোড নং-৪ | জনাব তোফাজ্জল হোসেন ভূইয়া, পিতা- মৃত শামসুদ্দিন ভূইয়া | (১) পারভীন জাহান, স্বামী-মৃত তোফাজ্জল হোসেন ভূইয়া (২) তানভীর হোসেন ভূইয়া (৩) তৌফিক হোসেন ভূইয়া (৪) তৌকির হোসেন ভূইয়া, সর্বপিতা- মৃত তোফাজ্জল হোসেন ভূইয়া | ফ্ল্যাটের আয়তন ১৩৫০ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, নিচতলায় ০১ (এক) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ উত্তরাধিকারসূত্রে ওয়ারিশগণের নামে নামজারী। | উত্তরাধিকার সূত্রে (১) পারভীন জাহান, স্বামী-মৃত তোফাজ্জল হোসেন ভূইয়া (২) তানভীর হোসেন ভূইয়া (৩) তৌফিক হোসেন ভূইয়া (৪) তৌকির হোসেন ভূইয়া, সর্বপিতা-মৃত তোফাজ্জল হোসেন ভূইয়া এর নামে যৌথভাবে অবিভক্ত ও অচিহ্নিত অবস্থায় নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ৭. | বাড়ী নং-৪৫, রোড নং-৯ | জনাব নিজাম উদ্দিন চৌধুরী, পিতা- আব্দুল হাকিম চৌধুরী | (১) ফওজিয়া চৌধুরী স্বামী- নিজাম উদ্দিন চৌধুরী (২) সুমাক জেরিদা চৌধুরী (৩) ফাইজাহ সামাঞ্জার চৌধুরী, উভয়ের পিতা- নিজাম উদ্দিন চৌধুরী | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট জমি বিশিষ্ট ৪৫ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর যৌথ মালিকানার জনাব নিজাম উদ্দিন চৌধুরীর অংশ তার এক স্ত্রী এবং দুই কন্যার নামে হেবা বিষয়ক দলিল মূলে নামজারীর অনুমতি। | হেবা বিষয়ক রেজিস্ট্রিকৃত ঘোষণাপত্র দলিলমূলে (১) ফওজিয়া চৌধুরী স্বামী- নিজাম উদ্দিন চৌধুরী (২) সুমাক জেরিদা চৌধুরী (৩) ফাইজাহ সামাঞ্জার চৌধুরী, উভয়ের পিতা- নিজাম উদ্দিন চৌধুরী এর নামে যৌথভাবে অবিভক্ত ও অচিহ্নিত অবস্থায় নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |

আলোচ্যবিষয়-৮: ঢাকা সেনানিবাসস্থ মহাখালী সদর এলাকার ১০১০ বর্গগজ বা ৯০৯০ বর্গফুট বা ১২.৬২৫ কাঠা জমি বিশিষ্ট ৩৯ নং প্লটে বাড়ী নির্মাণসহ অন্যান্য কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্লট মালিকগণ কর্তৃক ডেভেলপার কোম্পানী র‍্যাংগস প্রপার্টিজ লিমিটেড এর পক্ষে-ব্যবস্থাপনা পরিচালক জনাব রোমে রউফ চৌধুরী-কে রেজিস্ট্রিকৃত অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব এটর্নী স্বীকার/গ্রহণের ভূতাপেক্ষ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা সেনানিবাসস্থ মহাখালী সদর এলাকার ৯০৯০ বর্গফুট বা ১২.৬২৫ কাঠা জমি বিশিষ্ট ৩৯ নং প্লটের ইজারাসূত্রে মালিক এ কে এম বজলুর রহমান, পিতা-মৃত মৌঃ খোরশেদ আলী মিয়া। তিনি ২৬ জানুয়ারি ২০০৩ তারিখে মৃত্যুবরণ করায় ৩৯ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি (১) মিসেস আমাতুর নুর সাহেরা খাতুন-স্ত্রী, (২) জনাব মোঃ আফজালুর রহমান-ছেলে (৩) হোসনে জাহান আরিফা-মেয়ে, (৪) জনাব মোঃ আসাদুর রহমান-ছেলে, (৫) জনাব মোঃ আজিজুর রহমান-ছেলে, (৬) জনাব মোঃ আতিকুর রহমান-ছেলে, ও (৭) হোসনে জাহান তহমিনা-মেয়েসহ মোট ০৭(সাত) জনের নামে অত্র দপ্তরের ২০ আগস্ট ২০০৩ তারিখের ঢাক্যাবো/মহাখালী/৩৯/১৩৩ নং পত্রে নামজারী করা হয়। উক্ত প্লটের মালিক মিসেস আমাতুর নুর সাহেরা খাতুন গং এর আবেদনের প্রেক্ষিতে ০১ তলা বাড়ী ভেঙ্গে ০৬ তলা ভবন নির্মানের জন্য ২৭ ফেব্রুয়ারি ২০০৬ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নকশা অনুমোদন করা হয়। উক্ত প্লটে মোট ২০(বিশ) টি ফ্ল্যাট বিশিষ্ট ০৬(তলা) ভবন নির্মাণ করা হয় এবং ২০১১-২০১২ আর্থিক সাল হতে গৃহকর আদায় করা হচ্ছে। ডেভেলপার কোম্পানী র‍্যাংগস প্রপার্টিজ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক, জনাব রোমো রউফ চৌধুরী ২০ মে ২০২১ তারিখের আবেদনে জানান উক্ত প্লটে বাড়ী নির্মাণ করার জন্য মালিকগণ কর্তৃক ৯ জুলাই ২০০৫ তারিখে রেজিষ্টিকৃত ১২৩৩১ নং দলিলমূলে আম-মোক্তারনামা প্রদান করা হয়েছে এবং সে মোতাবেক ২০(বিশ)টি ফ্ল্যাট বিশিষ্ট ০৬ তলা ভবন নির্মাণ করা হয়েছে। এর মধ্যে ডেভেলপার কোম্পানীর অংশে ১০(দশ) টি ফ্ল্যাট এবং প্লট মালিকগণের অংশে ১০(দশ)টি ফ্ল্যাট রয়েছে। ২৫ এপ্রিল ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৭ এর মাধ্যমে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইজারাকৃত প্লট/জমি/স্থাপনাতে পাওয়ার অব এটর্নি নিয়োগের পূর্বে বোর্ডের অনুমতি গ্রহণ করতে হবে এবং ইতোমধ্যে যে সকল প্লট/জমি/স্থাপনাতে পাওয়ার অব এটর্নি নিয়োগ করা হয়েছে তা নিয়মিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। প্লট মালিকগণ কর্তৃক ডেভেলপার কোম্পানী র‍্যাংগস প্রপার্টিজ লিমিটেড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক জনাব রোমো রউফ চৌধুরী-কে প্রদত্ত অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব এটর্নী ভূতাপেক্ষ অনুমোদনের বিষয়ে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে আম-মোক্তারনামা দলিল আইনানুগ আছে বিধায় গ্রহণ করা যেতে পারে মর্মে মতামত প্রদান করেছেন। এমতাবস্থায় প্লট মালিকগণ কর্তৃক ডেভেলপার কোম্পানী র‍্যাংগস প্রপার্টিজ লিমিটেড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক জনাব রোমো রউফ চৌধুরী-কে প্রদত্ত অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব এটর্নী ভূতাপেক্ষ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: ঢাকা সেনানিবাসস্থ মহাখালী সদর এলাকার ৩৯ নং প্লটে বাড়ী নির্মাণসহ অন্যান্য কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্লট মালিকগণ কর্তৃক ডেভেলপার কোম্পানী র‍্যাংগস প্রপার্টিজ লিমিটেড এর পক্ষে-ব্যবস্থাপনা পরিচালক জনাব রোমে রউফ চৌধুরী-কে রেজিস্ট্রিকৃত অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব এটর্নী স্বীকার/গ্রহণের ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৯: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭০ নং প্লটের ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমির উপর নির্মিত ০৮(আট)টি ফ্ল্যাট বিশিষ্ট ০৪(চার) তলা বাড়ী ভেঙ্গে নতুন ভাবে ০৮(আট) তলা বাড়ী নির্মাণসহ অন্যান্য কার্যাবলী সম্পাদনের নিমিত্ত প্লট/ফ্ল্যাট মালিকগণ কর্তৃক ডেভেলপার কোম্পানী ইউনিয়ন ডেভেলপমেন্ট এন্ড টেক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব শেখ আবুল হাসেম, এমবিএ-কে অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব এর্টনী নিয়োগের অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট জমি বিশিষ্ট ৭০ নং প্লটে নির্মিত ০৪(চার) তলা বাড়ীতে মোট ০৮(আট) টি ফ্ল্যাট রয়েছে। উক্ত ০৮(আট) ফ্ল্যাটের ক্রয়সূত্রে মালিক নিম্নে প্রদত্ত হলো:

| ক্রঃ নং | ফ্ল্যাট মালিকের নাম | ফ্ল্যাট নং ও তলা | ফ্ল্যাটের আয়তন (বর্গফুট) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | শেখ হুমায়ুন কবির<br>পিতা- আলাউদ্দিন শেখ | সিএ/৪ | ১৪৮০ | আট ভাগের এক ভাগ জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ২. | (১) মেজর রবিউল আফিজ(অবঃ)<br>পিতা-আফিজ উদ্দিন আহমেদ<br>(২) রুবাইয়াত রুম্পা<br>স্বামী-মেজর রবিউল আফিজ (অবঃ) | সিবি-৩ | ১১৩৬ | আট ভাগের এক ভাগ জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ৩. | (১) ডাঃ মোঃ লুৎফর রহমান<br>পিতা- আলহাজ্ব ইদ্রিস আলী<br>(২) মিসেস শামসুন নাহার<br>স্বামী-ডাঃ মোঃ লুৎফর রহমান | সিএ-২ | ১৪৮০ | আট ভাগের এক ভাগ জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ৪. | মিসেস জাহান আরা বেগম<br>স্বামী- ফ্ল্যাঃ লেঃ এ কে সুলতান আহমেদ (অবঃ) | সিবি-১ | ১১৩৬ | আট ভাগের এক ভাগ জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ৫. | মিসেস শিরীন হাসনাত<br>স্বামী-মেজর(অবঃ)আবুল হাসনাত | সিএ-১ | ১৪৮০ | আট ভাগের এক ভাগ জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ৬. | জনাব আবু মোঃ খায়রুল হাসান<br>পিতা-আবু মোঃ মহসীন | সিএ-৩ | ১৪৮০ | আট ভাগের এক ভাগ জমি ও অন্যান্য সুবিধাদিসহ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | মিসেস ফারজানা হামিদ<br>পিতা-আবদুল হামিদ | সিবি-২ | ১১৩৬ | আট ভাগের এক ভাগ জমি ও অন্যান্য সুবিধাদিসহ |
| ৮ | মেজর(অবঃ) মোঃ খলিলুর রহমান<br>পিতা-মোঃ বাশাই চৌধুরী | সিবি-৪ | ১১৭০ | আট ভাগের এক ভাগ জমি ও অন্যান্য সুবিধাদিসহ |

উপরোক্ত ফ্ল্যাট মালিকগণ উক্ত বাড়ীটি ভেঙ্গে নতুন ০৮(আট) তলা বাড়ী নির্মাণ, ডেভেলপার কোম্পানীর অংশের ফ্ল্যাটসমূহ বেচা-বিক্রি/হস্তান্তর/রেজিষ্ট্রিশন/মর্টগেজ এবং অন্যান্য কার্যাবলী সম্পাদনের নিমিত্তে ডেভেলপার কোম্পানী ইউনিয়ন ডেভেলপমেন্ট এন্ড টেক লিমিটেড এর পক্ষে শেখ আবুল হাসেম এমবিএ-কে পাওয়ার অব এর্টনী নিয়োগের অনুমতি চেয়ে ০৬(ছয়)টি ফ্ল্যাটের মালিক ১৮ জুলাই ২০২১ তারিখে এবং ০২(দুই)টি ফ্ল্যাটের মালিক ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উক্ত পাওয়ার অব এর্টনী নিয়োগের অনুমতির আবেদনের বিষয়ে বিজ্ঞ আইন উপদেষ্টার আইনগত মতামত চাওয়া হলে তিনি নিম্নোক্ত মতামত প্রদান করেছেন :

'নথির সহিত সংযুক্ত খসড়া আম-মোক্তার দলিল আইনানুগ ও সঠিক আছে মর্মে প্রতীয়মান হয়।'

এমতাবস্থায় ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭০ নং প্লটে নির্মিত ০৪(চার) তলা বাড়ীর ০৮(আট)টি ফ্ল্যাটের মালিকগণ কর্তৃক ডেভেলপার কোম্পানী ইউনিয়ন ডেভেলপমেন্ট এন্ড টেক লিমিটেড এর পক্ষে শেখ আবুল হাসেম এমবিএ-কে পাওয়ার অব এর্টনী নিয়োগের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭০ নং প্লটে নির্মিত ০৪(চার) তলা বাড়ীর ০৮(আট)টি ফ্ল্যাটের মালিকগণ কর্তৃক ডেভেলপার কোম্পানী ইউনিয়ন ডেভেলপমেন্ট এন্ড টেক লিমিটেড এর পক্ষে শেখ আবুল হাসেম এমবিএ-কে উভয় পক্ষের শুনানী গ্রহণ সাপেক্ষে পাওয়ার অব এর্টনী নিয়োগের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১০: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ১৬/এইচ নং প্লটে নির্মিত বাড়ীর ৫ম তলার উত্তর-পূর্ব পার্শ্বের এ/৪ নং ফ্ল্যাট, নিচতলায় ০১টি কারপার্কিং স্থান ও আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ বিক্রয়/হস্তান্তরের অনুমতির জন্য ফ্ল্যাট ক্রেতা মেজর এম এম ইকবাল হোসেন (অবঃ) এর ১১ অক্টোবর ২০২১ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ক্যান্টনমেন্ট বাজার এলাকা ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ১৬/এইচ প্লটে নির্মিত বাড়ীর ৫ম তলার এ/৪ নং ফ্ল্যাটের মালিক জনাব মোঃ মনির হোসেন, পিতা-মৃত সুরুজ মিয়া (জনাব হাজী মোহাম্মদ মুছা ওরফে মোঃ মুসা এর নিযুক্তীয় আম-মোক্তার)। তিনি উক্ত ফ্ল্যাটটি মেজর এম এম ইকবাল হোসেন, পিতা-মৃত আবুল হাসেম মোল্লা এর নিকট বিক্রয়/হস্তান্তর অনুমতি চেয়ে ২৬/১১/২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে ডিজিএফআই এর নিরাপত্তা ছাড়পত্র গ্রহণ করে ২০/৬/২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৭(২) এর মাধ্যমে উপস্থাপন করা হলে উক্ত প্লটে ৪১৮ বর্গফুট বরাদ্দের অতিরিক্ত জায়গা থাকায় দখলীয় জমি ছেড়ে দেয়ার পর পত্র দিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে ফ্ল্যাট ক্রেতা মেজর এম এম ইকবাল হোসেন (অবঃ) উক্ত প্লটে নির্মিত বাড়ীর বরাদ্দের অতিরিক্ত জমির বিষয়ে ভবিষ্যতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যে কোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবেন মর্মে নোটারীকৃত হলফনামাসহ ফ্ল্যাটটি হস্তান্তর অনুমতি প্রদানের জন্য ০৩/১০/২০১৯ তারিখে আবেদন করেন। বিষয়টি ১৪/১১/২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৫(২) এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড বরাদ্দের অতিরিক্ত দখলকৃত জমি ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট বুঝিয়ে দেয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত প্রদান করে। পরবর্তীতে ০৭/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৫(৪) এর মাধ্যমে উপস্থাপন করা হলে বরাদ্দের অতিরিক্ত জমি উদ্ধার অথবা বরাদ্দলাভকারীর অনুকূলে ইজারা প্রদানের সুপারিশ প্রস্তুত করার জন্য কর্নেল এস এম মোয়াজ্জেম হোসেন, সিএমইএস(আর্মি), ঢাকা সেনানিবাস-কে সভাপতি করে ০৪(চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্রায় ৪৫টি প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি রয়েছে। গঠিত কমিটি কর্তৃক উক্ত এলাকায় ১৫/২০ টি প্লটে পরিমাপ করার পর করোনার কারণে পরিমাপ করা বন্ধ হয়ে যায়। ফ্ল্যাট ক্রেতা মেজর এম এম ইকবাল হোসেন (অবঃ) পুনরায় ১১ অক্টোবর ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য উক্ত প্লটে নির্মিত বাড়ীর ১০(দশ)টি ফ্ল্যাট ইতোপূর্বে বিক্রয়/হস্তান্তর/নামজারীর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উল্লেখিত ফ্ল্যাটটি ২য় বার বিক্রয়/হস্তান্তরের অনুমতির জন্য আবেদন করা হয়েছে। বরাদ্দের অতিরিক্ত জমির বিষয়ে ভবিষ্যতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যে কোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবেন মর্মে নোটারীকৃত হলফনামা গ্রহণ সাপেক্ষে হস্তান্তর অনুমতি প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত পোষণ করা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ১৬/এইচ নং প্লটে নির্মিত বাড়ীর অতিরিক্ত দখলীয় ৪১৮ বর্গফুট জমির বিষয়ে হলফনামার মাধ্যমে ভবিষ্যতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত যে কোন সিদ্ধান্ত মেনে নেয়ার শর্তে ৫ম তলার উত্তর-পূর্ব পার্শ্বের এ/৪ নং ফ্ল্যাট, নিচতলায় ০১টি কারপার্কিং স্থান ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ মেজর এম এম ইকবাল হোসেন (অবঃ) এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য, ক্যান্টনমেন্ট বাজার এলাকার যে সকল প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে আছে সে বিষয়ে আইন উপদেষ্টার আইনগত মতামত গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১১: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৬৭ নং প্লটে নির্মিত বাড়ীর ৬ষ্ঠ তলার উত্তর-পূর্ব পার্শ্বের বি/৫ নং ফ্ল্যাট, নিচতলায় ০১টি কারপার্কিং স্থান ও আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ বিক্রয়/হস্তান্তর দলিলমূলে নামজারীর অনুমতির নিমিত্তে জনাব আব্দুর রশিদ মিঞা এর ২৪ অক্টোবর ২০২১ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোডে ৬৭ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৬ষ্ঠ তলার উত্তর-পূর্ব পার্শ্বের ১৪৯০ বর্গফুট আয়তন বিশিষ্ট বি/৫ নং ফ্ল্যাট নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ এর মালিক ডাঃ প্রতীক আওসাফ সুফি, পিতা-সুফি আওসাফুল ইসলাম। তিনি উক্ত ফ্ল্যাটটি জনাব আব্দুর রশিদ মিঞা, পিতা-মোঃ নায়েব আলীর নিকট বিক্রয়/হস্তান্তরের জন্য আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৭ ডিসেম্বর ২০১৭ তারিখের ঢাকাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৬৭/ফ্ল্যাট নং-বি/৫(৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব)/৭১ নং পত্রের মাধ্যমে বরাদ্দের অতিরিক্ত ৪০৫.৭৫ বর্গফুট জমি ক্যান্টনমেন্ট বোর্ডের অনুকূলে বুঝিয়ে দেয়ার পর নামজারী করার শর্তে হস্তান্তর অনুমতি প্রদান করা হয়। জনাব আব্দুর রশিদ মিঞা, পিতা-মোঃ নায়েব আলী ১২ সেপ্টেম্বর ২০১৯ তারিখের আবেদনে উক্ত অতিরিক্ত ৪০৫.৭৫ বর্গফুট জমির বিষয়ে ভবিষ্যতে ক্যান্টনমেন্ট বোর্ডের যে কোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবেন মর্মে নোটারীকৃত হলফনামাসহ তাঁর নামে নামজারী করার জন্য অনুরোধ করেন। বিষয়টি ১৪ নভেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৬(২) এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড ৬৭ নং প্লটের বরাদ্দের অতিরিক্ত দখলীয় ৪০৫.৭৫ বর্গফুট জমি ক্যান্টনমেন্ট বোর্ডের অনুকূলে বুঝিয়ে দেয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। জনাব আব্দুর রশিদ মিঞা, পিতা-মোঃ নায়েব আলী উক্ত ফ্ল্যাটটি তাঁর নামে নামজারী করার জন্য ২৪ অক্টোবর ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট সমূহের বরাদ্দের অতিরিক্ত জমির পরিমাপের বিষয়ে একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক উক্ত এলাকায় ১৫/২০ টি প্লটের পরিমাপ করার পর করোনার কারনে পরিমাপ করা বন্ধ হয়ে যায়। উক্ত প্লটে নির্মিত বাড়ীর ৫/৬ টি ফ্ল্যাট ইতোপূর্বে বিক্রয়/হস্তান্তর/নামজারীর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উল্লেখিত ফ্ল্যাটটি ২য় বার বিক্রয়/হস্তান্তরের অনুমতির জন্য আবেদন করা হয়েছে। বরাদ্দের অতিরিক্ত জমির বিষয়ে ভবিষ্যতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যে কোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাববেন মর্মে নোটারীকৃত হলফনামা গ্রহণ সাপেক্ষে নামজারীর অনুমতি প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত পোষণ করা হয়।

সিদ্ধান্ত: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭.৫৬ কাঠা জমি বিশিষ্ট ৬৭ নং প্লটে নির্মিত বাড়ীর অতিরিক্ত দখলীয় ৪০৫.৭৫ বর্গফুট জমির বিষয়ে হলফনামার মাধ্যমে ভবিষ্যতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত যে কোন সিদ্ধান্ত মেনে নেয়ার শর্তে ৬ষ্ঠ তলার উত্তর-পূর্ব পার্শ্বের বি/৫ নং ফ্ল্যাট, নিচতলায় ০১টি কারপার্কিং স্থান ও আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা জনাব আব্দুর রশিদ মিঞা, পিতা-মোঃ নায়েব আলী এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১২: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৪র্থ তলার ১৮ নং দোকানের সালামী ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৪র্থ তলার ১৮ নং দোকানটি ১২/১২/২০১৮ তারিখে প্রকাশ্য নিলামের মাধ্যমে এয়ার কমোডর কাজী দেলোয়ার হোসেন এর নামে ইজারা প্রদান করা হয়। তিনি উক্ত দোকানের সমুদয় সালামী ১৮,৭৬,১০০/- (আঠার লক্ষ ছিয়াত্তর হাজার একশত) টাকার মধ্যে ৮,০৩,৫৩৬/- (আট লক্ষ তিন হাজার পাঁচশত ছত্রিশ) টাকা পরিশোধ করেছেন। অবশিষ্ট (১৮,৭৬,১০০- ৮,০৩,৫৩৬) = ১০,৭২,৫৬৪/- (দশ লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত চৌষট্টি) টাকা বকেয়া রয়েছে। উক্ত বকেয়া টাকা পরিশোধে অপরারগতা প্রকাশ করে তিনি জমাকৃত সালামী ফেরত চেয়ে অত্র দপ্তরে ০১ আগষ্ট ২০২১ তারিখে আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি ২৯/০৮/২১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যবিষয়-৯ এর মাধ্যমে উপাস্থাপন করা হলে বোর্ড নীতিমালার শর্তানুযায়ী জামানত বাজেয়াপ্তসহ জমাকৃত সালামীর ১০% কর্তন করে দোকানটি পুনরায় ইজারা প্রদান করে বিক্রয়লব্ধ অর্থ হতে আবেদনকারীর অর্থ ফেরত প্রদান করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু আবেদনকারী আর্থিক সংকটের কারণে দোকানটি অন্যত্র বিক্রির পূর্বেই সালামী ফেরত প্রদানের জন্য মৌখিকভাবে অনুরোধ করেছেন। এমতাবস্থায় উক্ত দোকানের সালামী ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকানসমূহ ইজারা বিজ্ঞপ্তিরি মাধ্যমে নিয়মিত বিক্রি হচ্ছে বিধায় ৪র্থ তলার ১৮ নং দোকানের ইজারা বাতিল করত: দোকান বরাদ্দ নীতিমালার শর্তানুযায়ী জামানত বাজেয়াপ্তসহ জমাকৃত সালামীর ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ ইজারা গ্রহীতা এয়ার কমোডর কাজী দেলোয়ার হোসেন-কে ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৩: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সম্মুখে ট্রাষ্ট ব্যাংক এটিএম বুথ সংলগ্ন পশ্চিম পার্শ্বে মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংকের এটিএম বুথ স্থাপনের বিষয়ে ভূতাপেক্ষ অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সামনের পূর্ব-দক্ষিণ পার্শ্বে ট্রাষ্ট ব্যাংক কর্তৃক একটি এটিএম বুথ নির্মাণ করা হয়েছে। উক্ত বুথ সংলগ্ন পশ্চিম পার্শ্বে (১০´X১০´) = ১০০.০০ বর্গফুট জায়গা বিশিষ্ট মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিমিটেড নিজ খরচে একটি এটিএম বুথ নির্মাণ করতে ইচ্ছুক মর্মে অত্র দপ্তরে ২৯/০৯/২০২১ তারিখে আবেদন করেছেন। উক্ত আবেদনের প্রস্তাবনা অনুযায়ী উল্লেখিত স্থানটি মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক প্রাথমিকভাবে ১০ (দশ) বছরের জন্য ব্যবহার করবেন এবং মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা ভাড়া হিসেবে ক্যান্টনমেন্ট বোর্ডে পরিশোধ করবে। মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিমিটেড এর প্রস্তাবিত মাসিক ভাড়া ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সময়ে সময়ে বৃদ্ধি করা যেতে পারে। উল্লেখ্য যে, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সম্মুখে যদি বিভিন্ন ব্যাংকের এটিএম বুথ থাকে তাহলে মার্কেটে ক্রেতা সমাগম বৃদ্ধি পাবে। এমতাবস্থায়, উক্ত আবেদনের প্রেক্ষিতে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সম্মুখে ট্রাষ্ট ব্যাংক এটিএম বুথ সংলগ্ন পশ্চিম পার্শ্বে (১০´X১০´) = ১০০.০০ বর্গফুট জায়গা বিশিষ্ট মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিমিটেড নিজ খরচে এটিএম বুথ নির্মাণপূর্বক পরিচালনার জন্য ০৩/১০/২০২১ তারিখের কার্যবৃত্ত পত্রের মাধ্যমে অনুমতি প্রদান করা হয়েছে। উক্ত কার্যবৃত্তপত্র ভূতাপেক্ষ অনুমোদনের জন্য উপাস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সম্মুখে ট্রাষ্ট ব্যাংকের এটিএম বুথ সংলগ্ন পশ্চিম পার্শ্বে (১০´X ১০´) = ১০০ বর্গফুট স্থানে ৫(পাঁচ) বছরের জন্য মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা ভাড়ায় মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিমিটেড-কে নিজ খরচে এটিএম বুথ স্থাপনের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এটিএম বুথের যাবতীয় ইউটিলিটি বিল ব্যাংক কর্তৃপক্ষকে পরিশোধ করতে হবে এবং ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে চুক্তিপত্র সম্পাদন করে ডিসেম্বর, ২০২১ থেকে ভাড়া পরিশোধ করতে হবে।

আলোচ্যবিষয়-১৪: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লক্সের ব্যবস্থাপনা কমিটি গঠনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত গত ১৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখে কিউএমজি মহোদয়ের সভাপতিত্বে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স সংক্রান্ত অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে সেনাসদরের ২৮/০৯/২০২১ তারিখের ৩৯১৭/১/ক্যান্টবোর্ড-ঢাকা/এমকিউ-২ নং পত্রের বিষয়ে ২৯/০৯/২০২১ তারিখে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে স্টেশন কমান্ডার মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স পরিচালনার জন্য নিম্নেবর্ণিতভাবে ১১ সদস্য বিশিষ্ট একটি ব্যবস্থাপনা কমিটি গঠনের সিদ্ধান্ত প্রদান করা হয়ঃ-

| | | |
|---|---|---|
| ১. কর্ণেল পদবীর কর্মকর্তা X ১ জন | - | সভাপতি |
| ২. এমডি X ১ জন | - | সদস্য সচিব |
| ৩. এসএসও, এডহক স্টেশন সদর দপ্তর, মিরপুর X ১ জন | - | সদস্য |
| ৪. দোকান মালিক X ৩ জন | - | সদস্য |
| ৫. ব্যবসায়ী X ৩ জন | - | সদস্য |
| ৬. ডিওএইচএস পরিষদ প্রতিনিধি X ১ জন | - | সদস্য |
| ৭. রাজস্ব কর্মকর্তা, ক্যান্টনমেন্ট বোর্ড X ১ জন | - | সদস্য |

উক্ত ব্যবস্থাপনা কমিটি অনুমোদনের বিষয়ে বোর্ডভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপাস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে সেনাসদর, কিউএমজি শাখার অনুমোদনক্রমে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত নিম্নবর্ণিত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | ১ X লেঃ কর্ণেল পদমর্যাদার কর্মকর্তা | -- | সভাপতি |
| (২) | ১ X এমডি, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স | -- | সদস্য |
| (৩) | ১ X এসএসও, এডহক স্টেশন সদর দপ্তর, মিরপুর | -- | সদস্য |
| (৪) | ৩ জন X দোকান মালিক | -- | সদস্য |
| (৫) | ৩ জন X মার্কেটের ব্যবসায়ী | -- | সদস্য |
| (৬) | ১ X সদস্য, মিরপুর ডিওএইচএস পরিষদ | -- | সদস্য |
| (৭) | রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড | -- | সদস্য |
| (৮) | ১ X প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড | -- | সদস্য |

সেনাসদর, কিউএমজি শাখার অনুমোদনের জন্য পত্র প্রদান করতে হবে।

**আলোচ্যবিষয়-১৫:** মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ০৯ টি দোকান/স্পেস প্রকাশ্য নিলামের মাধ্যমে ইজারা এবং ১০% রিবেট সুযোগ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**আলোচনা:** প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেসসমূহ ইজারা প্রদানের নিমিত্ত ২৯/০৮/২০২১ ও ২৯/০৯/২১ তারিখে প্রকাশ্য নিলাম আহ্বান করা হলে উক্ত তারিখে নিলামে অংশ গ্রহণকারীগণের মধ্যে নিম্নেবর্ণিত দোকানসমূহের পার্শ্বে বর্ণিত ডাককারীগণ প্রতিবর্গফুটের জন্য সর্বোচ্চ ডাককারী হিসেবে বিবেচিত হয় এবং উক্ত ডাককারীগণ সমুদয় সালামী এককালীন পরিশোধের মাধ্যমে ১০% রিবেট সুযোগ গ্রহণ করতে ইচ্ছুকঃ

| ক্রঃনং | দরদাতার নাম | তলা ও দোকান নং | দোকানের আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দর | মোট দর |
|---|---|---|---|---|---|---|
| ০১। | বিগেঃ জেনা: আব্দুর রহমান মোল্যা (অবঃ)<br>পিতা- মরহুম মোসলেম মোল্যা | ৬ষ্ঠ তলা-০৫ | ১৫৯.৮২ | ১২,০০০/- | ১২,১০০/- | ১৯,৩৩,৮২২/- |
| ০২। | মিসেস রেহনুমা নুরাইন ঐশী<br>পিতা- এ কে এম জিয়াউল আলম | ৬ষ্ঠ তলা-০৮ | ১৪৩.৬৬ | ১২,০০০/- | ১২,১০০/- | ১৭,৩৮,২৮৬/- |
| ০৩। | ব্রিগেঃ জেনাঃ এম ইমরান হামিদ<br>পিতা- হামিদুল ইসলাম | ৬ ষ্ঠ তলা-১৪ | ১০১.৬৯ | ১২,০০০/- | ১২,২০০/- | ১২,৪০,৬১৮/- |
| ০৪। | ওয়াশেক ইবনে আলম শাফিন<br>পিতা- এ কে এম জিয়াউল আলম | ৬ষ্ঠ তলা-১৫ | ১২৮.৫০ | ১২,০০০/- | ১২,১০০/- | ১৫,৫৪,৮৫০/- |
| ০৫। | রেশমা বেগম<br>স্বামী- এ কে এম জিয়াউল আলম | ৬ষ্ঠ তলা-১৬ | ১২৮.৫০ | ১২,০০০/- | ১২,১০০/- | ১৫,৫৪,৮৫০/- |
| ০৬। | মিসেস মাহফুজা পারভীন<br>পিতা- মোঃ আব্দুল মোতালেব তালুকদার | ৬ষ্ঠ তলা-১৯ | ১১০.২০ | ১২,০০০/- | ১২,৫০০/- | ১৩,৭৭,৫০০/- |
| ০৭। | ব্রিগেঃ জেনাঃ এম ইমরান হামিদ<br>পিতা- হামিদুল ইসলাম | ৬ষ্ঠ তলা-২৪ | ১২৮.৫০ | ১২,০০০/- | ১২,২০০/- | ১৫,৬৭,৭০০/- |
| ০৮। | ডাঃ আছালুন নায়ীমা জান জাবিলা খানম<br>স্বামী- আব্দুল বারী | ৬ষ্ঠ তলা-৩১ | ৯১.৫৮ | ১২,০০০/- | ১২,৫০০/- | ১১,৪৪,৭৫০/- |
| ০৯। | নওশিন জাহান<br>পিতা- শাহ এমদাদুল হক | ৭ম তলা-১২ | ১১১.৮৩ | ১২,০০০/- | ১২,১০০/- | ১৩,৫৩,১৪৩/- |

এমতাবস্থায়, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের উপরোক্ত দোকান/স্পেসসমূহ ইজারা প্রদানের নিমিত্ত নিলাম ডাকের সর্বোচ্চ দর এবং উক্ত দরের সমুদয় সালামী নীতিমালা অনুযায়ী এককালীন পরিশোধের মাধ্যমে ১০% রিবেট সুযোগ প্রদানের সদয় অনুমোদনের জন্য বোর্ডসভায় উপাস্থাপন করা হলো।

**সিদ্ধান্ত:** মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের উপরোল্লিখিত ৯(নয়)টি দোকানের বিপরীতে প্রাপ্ত সর্বোচ্চ নিলাম দর অনুমোদনসহ এককালীন সমুদয় সালামী পরিশোধের ক্ষেত্রে ১০% রিবেট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্যবিষয়-১৬:** ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা বেগম রেজিনা মাহমুদ এর চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ বৃদ্ধি এবং সম্মানীভাতা বৃদ্ধির বিষয়ে ০৪ অক্টোবর ২০২১ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**আলোচনা:** সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৫ মার্চ ২০০৭ তারিখের ৩/এমএলএন্ডসি/কন/১৬২-২/১৮০ নং পত্রের মাধ্যমে মাসিক ১০,০০০/-(দশ হাজার) টাকা সম্মানী ভাতা প্রদান সাপেক্ষে ০১ (এক) বছরের জন্য বেগম রেজিনা মাহমুদ-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা হিসেবে নিয়োগ প্রদান করা হয়। পরবর্তীতে মেয়াদ উত্তীর্ণের পর বোর্ড সিদ্ধান্তের আলোকে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ২২ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৫ এর সিদ্ধান্তের আলোকে মাসিক ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা সম্মানীতে ০১ জানুয়ারি ২০২১ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের চুক্তি ভিত্তিক নিয়োগের মেয়াদ বৃদ্ধি করা হয়। যার মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে উত্তীর্ণ হবে। এপ্রেক্ষিতে তিনি ০৪ অক্টোবর ২০২১ তারিখের আবেদনে সম্মানী ভাতা বৃদ্ধিসহ নিয়োগের মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা জন্য অনুরোধ করেছেন। এমতাবস্থায় বেগম রেজিনা মাহমুদ এর আবেদনপত্রটি সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

**সিদ্ধান্ত:** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কার্যপরিধি অনেক বৃদ্ধি পাওয়ায় বিভিন্ন ধরনের মামলা মোকাবেলা করতে হয় বিধায় কোন একক ব্যক্তিকে আইন উপদেষ্টা নিয়োগ না করে কোন স্বনামধন্য আইনী প্রতিষ্ঠান (Law Firm) এর সাথে চুক্তিবদ্ধ হওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। বিধি মোতাবেক দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে আগ্রহী আইনী প্রতিষ্ঠান.(Law Firm) নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৭: মুসলিম মডার্ণ একাডেমী, সেনাপল্লী উচ্চ বিদ্যালয় এবং ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেদন মানিকদী এর ক্যান্টিনসমূহের ভাড়া মওকুফ এবং ইজারা মেয়াদ বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বিদ্যালয়সমূহের নিম্নোক্ত ক্যান্টিসমূহের ভাড়া মওকুফ এবং ইজারা মেয়াদ বৃদ্ধির বিষয়ে আবেদন করা হয়েছেঃ-

| ক্রঃ নং | ক্যান্টিনের নাম | ইজারা গ্রহীতার নাম | ইজারা মেয়াদ | মাসিক ভাড়া | পূর্বে ভাড়া মওকুফ তারিখ | মেয়াদ |
|---|---|---|---|---|---|---|
| ১. | মুসলিম মডার্ন একাডেমী | জনাব মোঃ খালেদ রশিদ | ৩১/১২/২০২০ | ২,৫০০/- | ০১ জানুয়ারি ২০২১ তারিখ হতে করোনা অতিমারি কালীন স্কুল বন্ধ থাকা সময় পর্যন্ত। | জুন ২০২২ পর্যন্ত ইজারা মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে। |
| ২. | সেনাপল্লী উচ্চ বিদ্যালয় | জনাব মোঃ জিয়াউল আমিন বাহার | ১৩/৩/২০২১ | ১৫,১৮০/- | জুলাই ২০২০ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত ৫০% মওকুফ করা হয়েছে। | জুন ২০২২ পর্যন্ত ইজারা মেয়াদ বৃদ্ধি এবং করোনা অতিমারি কালীন স্কুল বন্ধ থাকা সময় পর্যন্ত সম্পূর্ণ ভাড়া মওকুফ করা যেতে পারে। |
| ৩. | ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেদন মানিকদী | জনাব মোঃ খলিলুর রহমান | ১৩/৩/২০২১ | ১৬,১২০/- | জুলাই ২০২০ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত ৫০% মওকুফ করা হয়েছে। | জুন ২০২২ পর্যন্ত ইজারা মেয়াদ বৃদ্ধি এবং করোনা অতিমারি কালীন স্কুল বন্ধ থাকা সময় পর্‌ ন্ত সম্পুর্ণ ভাড়া মওকুফ করা যেতে পারে। |

সিদ্ধান্ত: ১৭.১: মুসলিম মডার্ন একাডেমী, সেনাপল্লী উচ্চ বিদ্যালয় এবং ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেদন মানিকদী এর ক্যান্টিনসমূহের ভাড়া ০১ জানুয়ারি, ২০২১ তারিখ হতে অতিমারি কালীন স্কুল বন্ধ থাকা সময় পর্যন্ত ৭৫% মওকুফ করার সিদ্ধান্ত গৃহীত হলো। ০১ জানুয়ারি, ২০২২ তারিখ হতে ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সকল ক্যান্টিনের ইজারা প্রদানের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(১) তাজিনা তামান্না খানম পিংকি -- আহ্বায়ক
সহকারী প্রকৌশলী (সিভিল), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) মোঃ মনির হোসেন পাটোয়ারী -- সদস্য
সিনিয়র কঞ্জারভেন্সী সুপারভাইজার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) মোঃ নিজাম উদ্দিন খান -- সদস্য
ট্যাক্স কালেক্টর, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

উক্ত কমিটি বিস্তারিত যাচাই বাছাই করে ক্যান্টিনসমূহের মাসিক ভাড়ার হার, সালামী ও ইজারা মেয়াদ সম্পর্কে সুনির্দিষ্ট প্রস্তাবনা ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার বরাবর দাখিল করবেন।

১৭.২: ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেদন মানিকদী শেখ রাসেল ফুটবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করায় ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষ থেকে বিদ্যালয়ের সকল খেলোয়াড় ও শিক্ষকগণকে অভিনন্দন জানানো হয়। বিজয়ী ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেদন মানিকদী স্কুল দলকে ক্রেষ্ট/সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-১৮: ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ক্যান্টিন এর ভাড়ার মেয়াদ বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ক্যান্টিনটি মাসিক ১২,০০০/-টাকা ভাড়ায় অক্টোবর ২০২০ হতে ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত রমজান মাস ব্যতিত ১১(এগার) মাসের জন্য নাজনীন আক্তার মালা, স্বামী-মরহুম জুলহাস হোসেন-কে ভাড়া প্রদান করা হয়। উক্ত ক্যান্টিনের মেয়াদ ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে উত্তীর্ণ হওয়ায় আগামী ০৫ বছরের জন্য অর্থাৎ ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির জন্য ২৬ আগস্ট ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। ক্যান্টিন এর মেয়াদ বৃদ্ধির আবেদনপত্রটি সভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ক্যান্টিন এর ভাড়ার মেয়াদ বৃদ্ধির সুযোগ নেই। ইজারা প্রদানের জন্য আলোচ্যবিষয়-১৭.১ এর মাধ্যমে গঠিত কমিটি এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

আলোচ্যবিষয়-১৯: ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ক্যান্টিন ইজারা বাতিল এবং নতুনভাবে ইজারা প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ক্যান্টিনটি ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা জামানত এবং মাসিক ৩১,৮৮০/- (একত্রিশ হাজার আটশত আশি) টাকা ভাড়ায় মেজর (অবঃ) কামরান হামিদ, পিএসসি-কে ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হয়। করোনা মহামারির কারণে ভাড়া পরিশোধ না করে ক্যান্টিনটি বন্ধ করে চলে যান। অতঃপর উক্ত ক্যান্টিনটি ইজারা প্রদানের জন্য ব্রিগেঃ জেনারেল কামরুল ইসলাম (অবঃ) ৩১ মার্চ ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। বিষয়টি ১৩ এপ্রিল ২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার

আলোচ্যবিষয়-৭ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড মেজর (অবঃ) কামরান হামিদ, পিএসসি এর ইজারা বাতিল করে ফেরতযোগ্য ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা জামানত এবং প্রতি বর্গফুট মাসিক ভাড়া ৪০/- (চল্লিশ) টাকা হারে ব্রিগেঃ জেনারেল কামরুল ইসলাম(অবঃ) কে ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হয়। বিষয়টি ব্রিগেঃ জেনারেল কামরুল ইসলাম(অবঃ) কে অত্র দপ্তরের ১৫ জুন ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১৬.৬৭.০৬৭.১২-৭০০ নং পত্রের মাধ্যমে অবহিত করা হলে তিনি উক্ত ক্যান্টিনের পরিচালনার ভার গ্রহণ করা দুঃসাধ্য মনে করে ইজারা গ্রহণের অপরাগতা প্রকাশ করে ইজারা বাতিল করার জন্য ৮ আগস্ট ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। অতঃপর সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে আগত রোগীদের খাবারের জোগান দিতে উক্ত ক্যান্টিনটি স্বল্প ভাড়ায় অর্থাৎ মাসিক ৩১,৮৮০/-টাকা ভাড়ায় ইজারা প্রদানের জন্য জনাব নাজিম উদ্দিন সোহেল ২৪ আগস্ট ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উক্ত ক্যান্টিনটি ইজারা প্রদানের বিষয়ে জনাব নাজিম উদ্দিন সোহেল এর আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: আলোচ্যবিষয়-১৭.১ এর মাধ্যমে গঠিত কমিটি কর্তৃক ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ক্যান্টিন ইজারার নিমিত্ত মাসিক ভাড়া, সালামী ও ইজারার অন্যান্য বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার বরাবর দাখিল করবে।

আলোচ্যবিষয়-২০: রজনীগন্ধা সুপার মার্কেটস্থ আর্মি কোটার এ/৩৯ এবং এ/৪০ নং দোকানের হস্তান্তর অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটস্থ আর্মি কোটার এ/৩৯ দোকানের মালিক ওয়াঃ অফিসার (অবঃ) টি এম বদিউজ্জামান, পিতা- মৃত গোলাম হোসেন এবং এবং এ/৪০ নং দোকানের মালিক সার্জেন্ট (অবঃ) মোঃ আলমগীর হোসেন, পিতা- মৃত আব্দুল জব্বার মোল্লা। দোকানের মালিকগণ তাদের নগদ টাকার প্রয়োজনে এ/৩৯ এবং এ/৪০ নং দোকান দুইটি জনাব আতাউর রহমান, পিতা- জাভেদ আলী খান, মাতা- কুলসুম বেগম, বাড়ী#২২৫, রোড#১৫, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস এর নিকট বিক্রয়/হস্তান্তরের জন্য অত্র দপ্তরে ১১ ও ১৪ অক্টোবর, ২০২১ তারিখে আবেদন করেছেন। রজনীগ্ধা সুপার মার্কেটস্থ এ/৩৯ এবং এ/৪০ নং দোকান হস্তান্তরের অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের আর্মি কোটার এ/৩৯ এবং এ/৪০ নং দোকানের ক্রেতা এবং বিক্রেতার উপস্থিতিতে শুনানী গ্রহণ সাপেক্ষে হস্তান্তর অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, প্রতিটি দোকানের বিপরীতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা হস্তান্তর অনুমতি ফি এবং ১০,০০০/- (দশ হাজার) টাকা নামজারী ফি জমা করতে হবে। বিধি মোতাবেক ভ্যাট প্রদান করতে হবে।

আলোচ্যবিষয়-২১: রজনীগন্ধা সুপার মার্কেটস্থ দোকানসমূহ রাত ৮.০০ ঘটিকার পরিবর্তে রাত ১০:০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটের দোকানসমূহ রাত ০৮:০০ ঘটিকার পরিবর্তে রাত ১০:০০ ঘটিকা পর্যন্ত খোলা রেখে ব্যবসা পরিচালনা করার জন্য রজনীগন্ধা সুপার মার্কেটের ব্যবসায়ীবৃন্দ অত্র দপ্তরে ১৮ অক্টোবর, ২০২১ তারিখে আবেদন করেছেন। উক্ত আবেদনে রজনীগন্ধা সুপার মার্কেটের ব্যবসায়ীবৃন্দ করোনা মহামারির ভয়াল থাবা এবং অর্থনৈতিক মন্দার কারণে মানবিক দিক বিবেচনা করে করোনাকালীন সময়ের আর্থিক ক্ষতি পুষিয়ে নেয়ার স্বার্থে দোকানসমূহ রাত ১০:০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখার অনুমতি প্রার্থনা করেছেন। উক্ত আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপাস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: রজনীগন্ধা সুপার মার্কেটের দোকানসমূহ পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত রাত ০৯:০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-২২: রজনীগন্ধা সুপার মার্কেটে একজন এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার নিয়োগ প্রসেংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটে আগত ক্রেতা ও ব্যবসায়ীদের জন্য সুশৃঙ্খল ও পরিষ্কার পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিত করা প্রয়োজন। বিষয়টি নিশ্চিত করার জন্য রজনীগন্ধা সুপার মার্কেটে সার্বক্ষণিক একজন এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার নিয়োগ করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাসিক সর্বসাকুল্যে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা বেতনে একজন এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৩: রজনীগন্ধা সুপার মার্কেটস্থ নতুন হার্ডস্ট্যান্ডের একটি অংশে কাঁচা মালের আড়ৎ নির্মাণের বিষয়ে ২৯/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ১১ নং আলোচ্যবিষয়ের সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটির প্রতিবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটের নতুন হার্ডস্ট্যান্ডের একটি অংশে অস্থায়ীভাবে কাঁচা মালের আড়ৎ নির্মাণের বিষয়ে ২৯/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ১১ নং আলোচ্যবিষয়ের সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটি নিম্নেবর্ণিত প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করেছেনঃ

**<u>সুপারিশ</u>**

১। হার্ডস্ট্যান্ড ০২ টি বাজারের কোন ব্যবসায়ীর নিকট বাৎসরিক অথবা মাসিক ভিত্তিতে ভাড়া প্রদান করা হলে বাজারের সকল হকার উক্ত ব্যাবসায়ীর নিয়ন্ত্রণে থাকলে বাজারের যাবতীয় হকার হার্ডস্ট্যান্ডের মধ্যে আনা সম্ভব।

২। যথাযথভাবে রাজস্ব আদায় সম্ভব হবে।

৩। রাস্তা কিংবা দোকানের সামনে কোন হকার বসে ব্যাবসা করতে পারবে না।

৪। বাজারের শৃঙ্খলা ফিরে আসবে।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে এবিষয়ে অধিকতর যাচাই বাছাই করে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৪: মিরপুর ডিওএইচএস এলাকার ০৫(পাঁচ) টি বাড়ীর গৃহকর নির্ধারণ প্রসংগে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এলাকার ০৫(পাঁচ) টি বাড়ীর মালিক নিম্নোক্তভাবে গৃহকর নির্ধারণের জন্য আবেদন করেছেন:

| ক্র/ নং | প্লট/বাড়ীর মালিকের নাম | প্লট নং | নকশা অনুমোদনের তারিখ | বাড়ীর মালিকের মন্তব্য | তদন্ত প্রতিবেদন |
|---|---|---|---|---|---|
| ০১। | লে কর্ণেল (অবঃ) মোঃ শাহজাহান | ১০১ | প্রথম নকশা ১৮/১২/২০১৩ সংশোধিত নকশা ০৩/০৬/২০২০ | প্লট মালিক আবেদনে জানিয়েছেন যে, বাড়ীটির প্রথম নকশা অনুমোদন হয় ১৮ ডিসেম্বর ২০১৩ সালে এবং আর্থিক সংকটের কারণে নির্মাণ কাজ দেরিতে অর্থাৎ ২০১৯ সালের মাঝামাঝি শুরু করেন। পরবর্তীতে সংশোধিত নকশা অনুমোদিত হয় ০৩ জুন ২০২০ সালে। ফেব্রুয়ারী ২০২১ সালে বাড়ীটির আংশিক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং বসবাস শুরু করেন। বাকি অংশের কাজ চলমান রয়েছে। সেমতে প্লট মালিক ২০২০-২০২১ অর্থ বছর হতে গৃহকর পরিশোধ করতে ইচ্ছুক মর্মে আবেদনে জানিয়েছেন। | সংশ্লিষ্ট বাড়ীর মালিক, ভাড়াটিয়া ও কেয়ারটেকারের সাথে কথা বলি ও বিদ্যুৎ বিলের কপি ও ফল্যাট হস্তান্তরের কপি যাচাই করে দেখা যায় যে, বাড়ীর মালিকের আবেদনের সত্যতা রয়েছে। এবং এতে প্রতিয়মান হয় যে, উক্ত প্লটে ২০২০ হতে বসবাস শুরু হয়েছে বিধায় জুলাই/২০২০ হতে গৃহকর নেয়া যেতে পারে। |
| ০২। | লেঃ কর্ণেল হাফিজ উদ্দিন আহমেদ | ১৪৩ | প্রথম নকশা ১৮/১২/২০১৩ সংশোধিত নকশা ০৩/০৬/২০২০ | প্লট মালিক আবেদনে জানিয়েছেন যে, বাড়ীটির আবেদনে জানিয়েছেন যে, বাড়ীটির ২য়, ৩য় ও ৪র্থ তলার নির্মাণ কাজ ২০১৬ সালে সম্পন্ন হয়েছে এবং পর্যায়ক্রমে নির্মিত ফ্ল্যাটের গৃহকর ২০১৬-২০১৬ সাল হতে পরিশোধ করা হয়েছে। ভবনটির ৫, ৬ষ্ঠ ও ৭ম তলার নির্মাণ কাজ ২০২১ সালে শেষ হয়েছে। সেমতে ২০২০-২০২১ অর্থ বছর হতে ৫ম, ৬ষ্ঠ ও ৭ম তলার গৃহকর পরিশোধ করতে ইচ্ছুক মর্মে আবেদনে জানিয়েছেন। | সংশ্লিষ্ট বাড়ীর মালিক, ভাড়াটিয়া ও কেয়ারটেকারের সাথে কথা বলি ও বিদ্যুৎ বিলের কপি যাচাই করে দেখা যায় যে, বাড়ীর মালিকের আবেদনের সত্যতা রয়েছে। এবং এতে প্রতিয়মান হয় যে, উক্ত প্লটে নির্মিত ৫ম, ৬ষ্ঠ ও ৭ম তলায় ২০২১ হতে বসবাস শুরু হয়েছে বিধায় জুলাই/২০২১ হতে গৃহকর নেয়া যেতে পারে। |
| ০৩। | লেঃ কর্ণেল মোঃ আনিসুর রহমান সরদার | ২৮০ | ১৩/০৫/২০১৩ | প্লট মালিক আবেদনে জানিয়েছেন যে, ভবনটি ২০১৪ সালে নির্মাণ কাজ শেষ হওয়ার কথা থাকলেও ডেভেলোপার কোম্পানীর বিলম্বের কারণে নির্মাণ কাজ শেষ হয়েছে ১৫/০৯/২০১৮ তারিখে। সেমতে প্লট মালিক নভেম্বর ২০১৮ হতে গৃহকর পরিশোধ করতে ইচ্ছুক মর্মে আবেদনে জানিয়েছেন। | সংশ্লিষ্ট বাড়ীর মালিক, ভাড়াটিয়া ও কেয়ারটেকারের সাথে কথা বলি ও বিদ্যুৎ বিলের কপি যাচাই করে দেখা যায় যে, বাড়ীর মালিকের আবেদনের সত্যতা রয়েছে। এবং এতে প্রতিয়মান হয় যে, উক্ত প্লটে নির্মিত ৫ম, ৬ষ্ঠ ও ৭ম তলায় ২০২১ হতে বসবাস শুরু হয়েছে বিধায় জুলাই/২০২১ হতে গৃহকর নেয়া যেতে পারে। |
| ০৪। | লেঃ কর্ণেল এস এম মকবুলআহমেদ | ৫৩৮ | ২৮/০১/২০০৮ | প্লট মালিক আবেদনে জানিয়েছেন যে, তিনি ২০০৮ থেকে ভবন নির্মাণ কাজ শুরু করে এবং আর্থিক স্বল্পতার কারনে ২০১০ সালে পর্যন্ত ২য় তলার সম্পুর্ণ নির্মাণ শেষ করেন ও ৩য় তলার গাথনি সমাপ্ত করে ২য় তলায় স্ব পরিবারে ২০১০ সাল থেকে বসবাস শুরু করেন। পরবর্তীতে ২০১৯ সালে ৩য় তলার সম্পুর্ণ কাজ শেষ করেন এবং ৪র্থ তলা থেকে ৬ষ্ঠ তলার নির্মাণ কাজ বর্তমানে চলমান রয়েছে। সেমতে প্লট মালিক ২০১০ হতে ২য় তলার গৃহকর এবং ২০১৯ হতে ৩য় তলার গৃহকর পরিশোধ করতে ইচ্ছুক মর্মে আবেদনে জানিয়েছেন। | সংশ্লিষ্ট বাড়ীর মালিক, ভাড়াটিয়া ও কেয়ারটেকারের সাথে কথা বলি ও বিদ্যুৎ বিলের কপি যাচাই করে দেখা যায় যে, বাড়ীর মালিকের আবেদনের সত্যতা রয়েছে। এবং এতে প্রতিয়মান হয় যে, উক্ত প্লটে নির্মিত ২য় তলায় ২০১০ হতে এবং ৩য় তলায় ২০১৯ হতে বসবাস শুরু হয়েছে বিধায় জুলাই/২০১০ হতে ২য় তলার গৃহকর এবং জুলাই/২০১৯ হতে ৩য় তলার গৃহকর নেয়া যেতে পারে। |
| ০৫। | মেজর মোঃ হানিফ উদ্দিন শেখ (অবঃ) | ১১৪৭ | ১৩/০৩/২০১২ | বাড়ীর মালিক আবেদনে জানিয়েছেন যে, তিনি উক্ত প্লটে ০৭ তলা বাড়ী নির্মাণের লক্ষ্যেয ১০/০৯/২০১৫ তারিখে মেসার্স আজাদ রিয়েল এ্যাসেট এর সহিত চুক্তিবদ্ধ হন। কিন্তু চুক্তি মোতাবেক উক্ত কোম্পানি বাড়ি নির্মাণ কাজ সম্পন্ন না করায় মালিকের কথায় ২৫/০১/২০২০ তারিখে কোম্পানী মালিককে অসমাপ্ত ভবনটি হস্তান্তর করেন। পরবর্তীতে মালিক নিজ অর্থায়নে অসমাপ্ত ভবনটি সমাপ্ত করে ০১/১২/২০২০ হইতে উক্ত ভবনে বসবাস আরম্ভ করে তাই প্লট মালিক ০১/১২/২০২০ তারিখ হইতে উক্ত প্লটের গৃহকর পরিশোধ করতে ইচ্ছুক মর্মে আবেদনে জানিয়েছেন। | সংশ্লিষ্ট বাড়ীর মালিক, ভাড়াটিয়া এবং কেয়ার টেকারের সাথে কথা বলি ও বিদ্যুৎ বিলের কপি এবং প্লট হস্তান্তর কপি যাচাই করে করে দেখা যায় প্লট মালিকের আবেদনের সত্যতা রয়েছে এবং এতে প্রতীয়মান হয় যে, উক্ত প্লটে ডিসেম্বর/২০২০ হইতে বসবাস আরম্ভ হয়েছে বিধায় ডিসেম্বর/২০২০ হইতে গৃহকর নেয়া যেতে পারে। |

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস এর ৫টি বাড়ীর গৃহকর নিম্নবর্ণিত ছকের কলাম '৪'-এ উল্লেখিত সময় হতে নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্র/নং | প্লট/বাড়ীর মালিকের নাম | প্লট নং | গৃহকর আদায় করার নির্ধারিত সময় |
|---|---|---|---|
| ০১। | লে কর্নেল (অবঃ) মোঃ শাহজাহান | ১০১ | জুলাই/২০২০ হতে |
| ০২। | লেঃ কর্নেল হাফিজ উদ্দিন আহমেদ | ১৪৩ | জুলাই/২০২১ হতে |
| ০৩। | লেঃ কর্নেল মোঃ আনিসুর রহমান সরদার | ২৮০ | জুলাই/২০২১ হতে |
| ০৪। | লেঃ কর্নেল এস এম মকবুলআহমেদ | ৫৩৮ | জুলাই/২০১০ হতে ২য় তলার এবং জুলাই/২০১৯ হতে ৩য় তলার |
| ০৫। | মেজর মোঃ হানিফ উদ্দিন শেখ (অবঃ) | ১১৪৭ | ডিসেম্বর/২০২০ হতে |

আলোচ্যবিষয়-২৫: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১ম বেজমেন্টর ১৩০২.০০ বর্গফুট আয়তন বিশিষ্ট স্পেসসহ স্পেসের পশ্চিম পার্শ্বের কারপার্কিং এরিয়া সুপার সপ করার জন্য ০৫ (পাঁচ) বছর মেয়াদে ভাড়া প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১ম তলার ০৯ নং দোকানের ব্যাবসী জাহিদুল হক, পিতা- মৃত আজিজুর রহমান। তিনি যে দোকানটিতে ব্যাবসা পরিচালনা করছেন সে দোকানটির স্পেস ছোট হওয়ায় ইচ্ছা থাকা সত্ত্বেও বড় পরিসরে ব্যবসা পরিচালনা করতে পারছেন না মর্মে অত্র দপ্তরে ২৪/১০/২০২১ তারিখে আবেদন করেছেন। উক্ত আবেদনে তিনি উল্লেখ করেছেন যে বড় পরিসরে একটি সুপার সপ ব্যবসা পরিচলানা করতে তিনি আগ্রহী। উক্ত ব্যবসা পরিচালনার জন্য বড় স্পেস এর প্রয়োজন হয় বিধায় উক্ত ব্যাবসায়ী মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১ম বেজমেন্টের ১৩০২ বর্গফুট স্পেসসহ স্পেসের সামনের কারপার্কিং স্থানটি আনুমানিক ৩০০০ (কম/বেশি) বগফুট আয়তন বিশিষ্ট স্থানটি ১ম ০৬ (ছয়) মাস ভাড়া বিহীন এবং পরবর্তী মাস হতে মাসিক ৪০,০০০/- (চল্লিশ) হাজার টাকা ভাড়ায় অথবা প্রতি বর্গফুট ১০/- (দশ) টাকা হারে ভাড়ায় ব্যবসা পরিচালনা করতে ইচ্ছুক। তিনি আরো উল্লেখ করেছেন যে, পার্কিং স্থানটি যদি ভাড়া দেয়া সম্ভব না হয় তাহলে শুধুমাত্র ১৩০২.০০ বর্গফুট স্পেসটি ভাড়া প্রদানের জন্য বিনীত অনুরোধ করেছেন। উক্ত স্পেসের ভাড়া পূর্বের ন্যায় ১ম ০৬ মাস ২০% হারে এবং পরবর্তী মাস হতে ২০/- (বিশ) টাকা হারে ভাড়া প্রদান করতে ইচ্ছুক। এমতাবস্থায়, উক্ত আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য বোর্ডসভায় উপাস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের অনুমোদিত মাস্টার প্ল্যান ও সরেজমিন পরিদর্শন করে এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৬: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের কারপার্কিং এর ইজারা দর অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১ম বেজমেন্ট এবং ২য় বেজমেন্ট কারপার্কিং ইজারা প্রদানের নিমিত্ত ১২/১০/২০২১ তারিখে স্থানীয় দরপত্র আহবান করা হয়। উক্ত দরপত্রের প্রেক্ষিতে সর্বশেষ ২৫/১০/২০২১ তারিখে ০৩ টি দরপত্র পাওয়া যায়। ০৩ টি দরপত্রের মধ্যে ওয়ারেন্ট অফিসার (অবঃ) নুর উদ্দিন মোঃ জাহাঙ্গীর, পিতা- মৃত নজরুল ইসলাম কর্তৃক দাখিলকৃত দৈনিক ১,০১৫/- (এক হাজার পঁনের) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত দরটি অনুমোদনসহ এক কালীন ০৩ মাসের ইজারা বাবদ (৩০,০০০X৩) = ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা গ্রহণ করার অনুমতির বিষয়ে বোর্ডসভায় আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপাস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের কারপার্কিং ইজারার জন্য ওয়ারেন্ট অফিসার (অবঃ) নুর উদ্দিন মোঃ জাহাঙ্গীর, পিতা- মৃত নজরুল ইসলাম কর্তৃক দাখিলকৃত দৈনিক ১,০১৫/- (এক হাজার পঁনের) টাকার সর্বোচ্চ দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য, উক্ত ইজারার মেয়াদ ০৩(তিন) মাস এবং ইজারার সমুদয় অর্থ এককালীন ক্যান্টনমেন্ট বোর্ডে জমা রাখতে হবে। বিধি মোতাবেক ইজারা দরের সাথে আয়কর ও ভ্যাট জমা করতে হবে।

আলোচ্যবিষয়-২৭: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্ত নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত:-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও/ রাজস্ব শাখার ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মেজর এ কে এম আখতারুজ্জামান (অবঃ) | ৩৪২ | ডিওএইচএস মিরপুর | ০৭/০৯/২০২০ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ২। | মেজর মোঃ আব্দুল বারী (অবঃ) | ৯৭২ | ডিওএইচএস মিরপুর | ১২/০১/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩। | ব্রিগেঃ জেনারেল ফারুক আহমেদ চৌধুরী (অবঃ) | ১০৬৩ | ডিওএইচএস মিরপুর | ০৭/১০/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৪। | ব্রিগেঃ জেনারেল মোঃ শাহাদৎ হোসেন শরীফ (অবঃ) | ১১৭২ | ডিওএইচএস মিরপুর | ২৩/০৯/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৫। | ব্রিগেঃ জেনারেল খোন্দকার ওবায়দুল আহসান (অবঃ) | ১১৭৬ | ডিওএইচএস মিরপুর | ২৩/০৯/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৯ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৬। | নাসিমা মোশারফ, স্বামী- শহীদ কর্ণেল মোঃ আফতাবুল ইসলাম গং | ১১৭৭ | ডিওএইচএস মিরপুর | ২৬/১০/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৭। | লেঃ কর্ণেল জামাল উদ্দিন আহমেদ (অবঃ) | ১১৭৯ | ডিওএইচএস মিরপুর | ১৯/১০/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৮। | (ক) কমান্ডার শাহ মোঃ রেজাউল করিম (অবঃ)<br>(খ) এয়ার কমডোর মোঃ আল-আমীন তালুকদার (অবঃ) | ১২১৬ ও ১২১৮ | ডিওএইচএস মিরপুর | ২৮/০৯/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৯। | শেখ আকবর হাকিম (৮ম তলার ফ্ল্যাট মালিক)<br>পিতা-মরহুম মেজর শেখ আব্দুল হাকিম | ১২৩৮ | ডিওএইচএস মিরপুর | ০৩/১০/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১০। | ব্রিগেঃ জেনাঃ রেজুয়ানুল হক (অবঃ) | ১২৪০ | ডিওএইচএস মিরপুর | ২৪/১০/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১১। | ক্যাপ্টেন মোহাম্মদ কামাল হোসেন (অবঃ) | ১৩০৬ | ডিওএইচএস মিরপুর | ১৯/০৯/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১২। | লেঃ কর্ণেল মোঃ শামছুল হক (অবঃ) | ১৩০৭ | ডিওএইচএস মিরপুর | ০৯/০৯/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১৩। | উইং কমান্ডার এ এন এম নাজিরুল আহসান (অবঃ) | ১৩১৪ | ডিওএইচএস মিরপুর | ২৬/০৯/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১৪। | কমান্ডার মুহাম্মদ শামসুল হক (অবঃ) বিএন | ১৩৫৭ | ডিওএইচএস মিরপুর | ০৮/০৯/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১৫। | (ক) লেঃ কর্ণেল মাহমুদ হোসেন চৌধুরী (অবঃ)<br>(খ) মেজর নুরুন্নাহার (অবঃ) | ৫৬৪ | ডিওএইচএস মিরপুর | ১৯/০৯/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৭ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১৬। | কমডোর বশীর উদ্দিন আহমেদ (অবঃ) | ৯১৮ | ডিওএইচএস মিরপুর | ১৯/০৮/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৭ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১৭। | মেজর জেনাঃ মোঃ সালাহ উদ্দিন মিয়াজী (অবঃ) | ৯৮৯ | ডিওএইচএস মিরপুর | ২৬/০৮/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৭ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১৮। | মেজর রেহানা বেগম (অবঃ) | ১০৪৬ | ডিওএইচএস মিরপুর | ২৪/১০/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৭ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১৯। | মেজর নাসির উদ্দিন আহমেদ (অবঃ) | ১১৩৮ | ডিওএইচএস মিরপুর | ২৮/০৯/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৭ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ২০। | লেঃ কর্ণেল ওয়ালিউল্লাহ (অবঃ) | ৭১৮ | ডিওএইচএস মিরপুর | ১২/০৯/২০২১ | ৭১৭, ৭১৮, ৭১৯ ও ৭২০ নং প্লটে যৌথভাবে ০৭(সাত) তলা ভবনের নকশা অনুমোদন করা হয়। পরবর্তীতে ৭১৮ নং প্লটের মালিক এককভাবে ০৭(সাত) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-৪র্থ তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট) |
| ২১। | (ক) নাজনীন নুর সুইটি স্বামী-শহীদ কর্ণেল কাজী এমদাদুল হক<br>(খ) কাজী মোহাম্মদ উমান এমদাদ (ছেলে)<br>(গ) কাজী তাওসীফ এমদাদ (ছেলে)<br>সর্বপিতা- শহীদ কর্ণেল কাজী এমদাদুল হক | ৮৫৯ | ডিওএইচএস মিরপুর | ২১/০৯/২০২১ | সংশোধিত ০৭(সাত) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-৪র্থ ও ৫ম তলা মিলে ডুপ্লেক্স দেখানো হয়েছিল দক্ষিণ পার্শ্বে এবং ৪র্থ ও ৫ম তলার অন্য দুইটি ফ্ল্যাট দেখানো হয়েছিল উত্তর পার্শ্বে। পরবর্তীতে ৪র্থ ও ৫ম তলা মিলে ডুপ্লেক্সটি উত্তর দিকে ও অন্য দু'টি ফ্ল্যাট দক্ষিণ দিকে দেখানো হয়েছে) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২২। | কর্ণেল কে এম জাহিদ ফারুক (অবঃ) | ২৭৪ | ডিওএইচএস বারিধারা | ০৬/১০/২০২১ | সংশোধিত ০৬(ছয়) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-২য় তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট এবং ৫ম ও ৬ষ্ঠ তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট) |
| ২৩। | মনিকা বড়ুয়া গং | ২৬২ | ডিওএইচএস বারিধারা | ০৬/১০/২০২১ | সংশোধিত ০৫(পাঁচ) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-নতুন লিফট স্থাপন এবং ৪র্থ ও ৫ম তলার ফ্ল্যাটের সাইজের পরিবর্তন) |
| ২৪। | (ক) মিসেস রুবী চৌধুরী স্বামী-মরহুম মেজর জেনারেল মইনুল হোসেন চৌধুরী, বীর বিক্রম (খ) মিস আম্বারিন চৌধুরী (গ) জনাব আসিফ চৌধুরী সর্বপিতা-মরহুম মেজর জেনারেল মইনুল হোসেন চৌধুরী, বীর বিক্রম | ২০৬ | ডিওএইচএস মহাখালী | ২৩/০৯/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (আভ্যন্তরীন-বারান্দার সাইজ পরিবর্তন) |
| ২৫। | লেঃ কর্ণেল ফরিদ উদ্দিন আহমেদ (অবঃ) | ২১৬ | ডিওএইচএস মহাখালী | ১৫/০৯/২০২১ | নতুন ০৮(আট) তলা ভবন (পুরাতন ভবন ভেঙ্গে) |
| ২৬। | ব্রিগেঃ জেনারেল গোলাম জাকারিয়া (অবঃ) গং | ৪৩৪ | ডিওএইচএস মহাখালী | ০৫/১০/২০২১ | বেজমেন্টসহ নতুন ০৮(আট) তলা ভবন (পুরাতন ভবন ভেঙ্গে) |
| ২৭। | ব্রিগেঃ জেনারেল শাহ মোহাম্মদ সুলতান উদ্দিন ইকবাল (অবঃ) গং | ৪০৭ | ডিওএইচএস মহাখালী | ২১/০৯/২০২১ | নতুন ০৮(আট) তলা ভবন (পুরাতন ভবন ভেঙ্গে) |
| ২৮। | (ক) মিসেস রেহানা হক (খ) মিসেস শাহিদা হক সর্বপিতা-মরহুম গ্রুপ ক্যাপ্টেন শামসুল হক | ১৯/বি | ডিওএইচএস বনানী | ১৪/১০/২০২১ | বেজমেন্টসহ সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-০৮ তলার ফাউন্ডেশন দেয়া আছে) |
| ২৯। | বেগম শামছুন নাহার গং (৫ জন) | সিবি-২৮৫ | কচুক্ষেত পুরান বাজার | ১৪/১০/২০২১ | নতুন ০৮(আট) তলা ভবন (পুরাতন ভবন ভেঙ্গে) |
| ৩০। | লেঃ কর্ণেল (অবঃ) জুলফিকার আলী হায়দার | ১০৮৮ | ডিওএইচএস মিরপুর | ২৩/১১/২০২১ | নতুন ০৮(আট) তলা ভবন (খালি প্লট) |

আলোচনা: আলোচ্য বিষয়- ২৭(১-৩০) এর নকশাগুলি অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন।

সিদ্ধান্ত: ২৭.১। Land point of view-তে প্রযোজ্য ক্ষেত্রে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস এবং ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র সাপেক্ষে নিম্নোক্ত শর্তাধীনে ভবন নির্মাণের নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

২৭.২। ক্রমিক নং-১ থেকে ১৪ এ উল্লেখিত ১৪(চৌদ্দ)টি প্লটে ৭ম তলার উপর ৮ম তলা নির্মাণের সংশোধিত নকশার আবেদন করা হয়েছে, যাদের ইতোপূর্বের অনুমোদিত নকশায় ০৮(আট) তলার ফাউন্ডেশন দেয়া ছিল। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্রকৌশলীর প্রত্যয়ন এবং প্লট মালিকের অঙ্গীকারনামা দাখিল সাপেক্ষে ০৮(আট) তলা ভবনের সংশোধিত নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৭.৩। ক্রমিক নং-১৫ থেকে ১৯ এ উল্লেখিত ০৫(পাঁচ)টি প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশাগুলো MIST কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। MIST কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

২৭.৪। ক্যান্টনমেন্ট বোর্ডের কমিটি কর্তৃক সরেজমিন পরিদর্শন সাপেক্ষে ক্রমিক নং-২০ থেকে ২৪ এ উল্লেখিত ০৫(পাঁচ)টি প্লটের আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য প্রতিটি প্লটের সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রস্তুত ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে।

২৭.৫। ক্রমিক নং-২৫, ২৬, ২৭, ২৮ ও ৩০ এ উল্লেখিত ৫টি প্লটে নতুন ০৮(আট) তলা ভবন নির্মাণের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৭.৬। ক্রমিক নং-২৯ এ উল্লেখিত নকশার বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখার মতামত সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৮: ঢাকা জেলার মিরপুর ক্যান্টনমেন্ট সীমানা সংলগ্ন ১০০(একশত) মিটার এর মধ্যে ৬৫ (পঁয়ষট্টি) ফুট উচ্চতা (০৬ তলা) উচ্চতা বিশিষ্ট আবাসিক ইমারত নির্মাণে অনাপত্তি পত্র প্রদান প্রসংগে ব্রিগেঃ জেনারেল এ কে এম মাসুদ আহসান গং, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা এর ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখের আবেদনপত্র প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা জেলার মিরপুর থানাধীন ইষ্টার্ণ হাউজিং লিমিটেডে এর পল্লবী ২য় পর্ব দ্বিগুন মৌজাস্থিত সি.এস ও এস এ দাগ নং-৮০৪(অংশ), আর,এস দাগ নং-১৩৭১(অংশ), প্লট নং-M-৭, রোড নং- NS-৪ এবং ব্লক নং-M এর মালিক ব্রিগেঃ জেনারেল এ কে এম মাসুদ আহসান গং। ঢাকা জেলার মিপুর ক্যান্টনমেন্ট সীমানা সংলগ্ন ১০০(একশত) মিটার এর মধ্যে ৬৫ (পঁয়ষট্টি) ফুট উচ্চতা (০৬ তলা) উচ্চতা বিশিষ্ট আবাসিক ইমারত নির্মাণে অনাপত্তি পত্র প্রদান প্রসংগে ব্রিগেঃ জেনারেল এ কে এম মাসুদ আহসান গং, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা এর ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য, সেনাসদর,কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০১ জুলাই, ২০১৯ তারিখের ৩৭১৯/১/ক্যান্ট বোর্ড-ঢাকা/এমকিউ-২ নং পত্রের মাধ্যমে সেনানিবাসের সীমানা হতে সংলগ্ন এলাকা চিহ্নিত করত: উক্ত এলাকায় ভবন নির্মাণের বিষয়ে পূর্বানুমোদন নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত: সেনানিবাসের সীমানা সংলগ্ন ১০০ মিটার এর মধ্যে প্রস্তাবিত ভবনের নকশা অনুমোদনের বিষয়ে সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়া, ঢাকা সেনানিবাসের মাধ্যমে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের মতামত গ্রহণ সাপেক্ষে ছাড়পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৮.১: ক্যান্টনমেন্ট সীমানা সংলগ্ন এলাকায় ভবন নির্মাণে অনাপত্তি প্রদান প্রসংগে।

আলোচনা: ঢাকা জেলার কাফরুল মৌজাস্থিত হোল্ডিং নং-২৬১/১, ২৬২/১ এবং ২৬৩, দক্ষিণ কাফরুল, কাফরুল, ঢাকাতে রাজউক এর এখতিয়ারভুক্ত এলাকায় একটি ০৮(আট) তলা আবাসিক ইমারতের নকশা অনুমোদনের জন্য অনাপত্তি চেয়ে রাজউক হতে ২১ ডিসেম্বর ২০২০ তারিখের পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হলে ছাড়পত্রের জন্য সেনাসদর ও বিমানবাহিনী সদর দপ্তরের নির্দেশনা চাওয়া হয়। সেনাসদর ও বিমান সদর দপ্তরের অনাপত্তি পাওয়া গিয়েছে।

সিদ্ধান্ত: ঢাকা জেলার কাফরুল মৌজাস্থিত হোল্ডিং নং-২৬১/১, ২৬২/১ এবং ২৬৩ –তে ০৮(আট) তলা ভবন নির্মাণের অনাপত্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৯: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগেঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১৬ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা সেনানিবাস এলাকার নিরাপত্তা বাতি সচল রাখার লক্ষ্যে ক্যান্টনমেন্ট বোর্ডের স্টোরে সংরক্ষণের জন্য বিভিন্ন বৈদ্যুতিক লাইট সরবরাহ করণ। | ৭,২৩,০০০/- | বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত | |
| ২. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন সড়কের নিরাপত্তা বাতি সচল রাখার জন্য স্টোরে সংরক্ষণের নিমিত্ত বৈদ্যুতিক ক্যাবল সরবরাহ করণ। | ৮,১৩,২৮৯/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত ও রক্ষণাবেক্ষণ) | |
| ৩. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন সড়কের নিরাপত্তা বাতি সচল রাখার জন্য স্টোরে সংরক্ষণের নিমিত্ত বৈদ্যুতিক মালামাল সরবরাহ করণ। | ৪,৯৯,১০৫/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত ও রক্ষণাবেক্ষণ) | |
| ৪. | ঢাকা সেনানিবাসের বিভিন্ন পয়েন্টে স্বয়ংক্রিয় ট্রাফিক সিগন্যাল বাতির সাথে সময় প্রদর্শিত (Count down) সিগন্যাল লাইট স্থাপন। | ৯,৭২,০০০/- | বোর্ড তহবিল | ঘটনোত্তর অনুমোদন। ১১ অক্টোবর ২০২১ তারিখের কার্যবৃত্তপত্র। |
| ৫. | মহাখালী ডিওএইচএস এলাকায় বিভিন্ন রোডে যে পোলে নিরাপত্তা বাতি নেই উক্ত পোল সমূহে তার টেনে নিরাপত্তা বাতি স্থাপন কাজ। | ৩,১২,৯৯৪/- | বোর্ড তহবিল | মহাখালী ডিওএইচএস পরিষদের ২৯/৯/২০২১ তারিখের ডিওএইচএস/ ১০৬/২০২১ নং পত্র। |
| ৬. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের ৫২ হর্স পাওয়ার সাবমারসিবল পাম্প মটর নষ্ট হওয়ায় তা উঠানো, মেরামত ও পুনঃস্থাপন কাজ। | ৮৪,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৭. | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের অফিস রুম, পি এ রুমে ইলেকট্রিক কাজ, আধুনিক লাইটিং, ক্যাসেট টাইপ এসি স্থাপন কাজ। | ১৭,৩৮,১৩৫/- | বোর্ড তহবিল | |
| ৮. | স্বাধীনতা সরণি বনানী এমপি এচকপোষ্টে মেকানিক্যাল স্পাইক বেরিয়ার সংস্কার, ট্রাফিক পোষ্টে স্টীকার স্থাপন, ০২টি ট্রাফিক ছাতা মেরামত, ০৪টি আর্চওয়ের চেকিং পয়েন্ট মেরামত ও রং করণ কাজ। | ৪৮,৫১৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | ঘটনোত্তর অনুমোদন। ১৯/১০/২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৯. | বারিধারা ডিওএইচএস এলাকা ইস্টার্ন রোডের প্লট নং-৩৬৪ এর সামনে ম্যানহোলসহ ২'-০" ডায়া আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ১,০৪,৫৬১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | ঘটনোত্তর অনুমোদন। ১৯/১০/২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | বনানী সামরিক কবরস্থানের উত্তর-পশ্চিম কর্ণারে ভিআইপি গাড়ি রাখার জন্য রাস্তাসহ হার্ডস্ট্যান্ড নির্মাণ কাজ। | ১৩,৬৬,৯১১/- | বোর্ড তহবিল | |
| ১১. | বনানী সামরিক কবরস্থানের পুরাতন স্থাপনা সংস্কার, মেরামত ও রং করণ কাজ। | ৬,৪৯,৬৩৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | ঘটনোত্তর অনুমোদন। ১১/০৮/২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ১২. | ২৫ ফেব্রুয়ারি ২০২২ উপলক্ষ্যে বনানী সামরিক কবরস্থানের প্রয়োজনীয় মেরামত ও রং চুনার কাজ। | ৪,৯৮,৮৮৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৩. | ১৬ ডিসেম্বর (বিজয় দিবস) ২০২১ উপলক্ষে রজনীগন্ধা সুপার মার্কেটের স্বাধীনতা চত্বরে হেলে পড়া গ্রীল পুনঃস্থাপনসহ মেরামত ও রংকরণ কাজ। | ২,২৫,৮১৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৪. | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের সম্মুখে হার্ডস্ট্যান্ড উন্নয়নসহ পেভড টাইলস্ স্থাপন, পানির ফোয়ারা নির্মাণ ও উত্তর পার্শ্ব গেইট স্থাপন কাজ। | ১৪,৫৮,৪০২/- | অনুদান | সাভূক্যা অধিদপ্তরের ০৯/৮/২০২১ তারিখের ২৩.২২.০০০.০২৭.১৪.০৪১(৪).২১. ০৭-২৪১ নং পত্র। |
| ১৫. | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের মূল ভবনের দক্ষিণ পার্শ্বে সিঁড়ি সংলগ্ন ২য় ও ৩য় তলায় ২টি অফিস কক্ষ এবং ৪র্থ তলায় টয়লেটসহ স্টোর রুম নির্মাণ কাজ। | ৩৩,৫৩,০০৬/- | অনুদান | সাভূক্যা অধিদপ্তরের ০৯ আগস্ট ২০২১ তারিখের ২৩.২২.০০০০.০২৭.১৪.০৪১ (৪).২১.০৭-২৪১ নং পত্র। |
| ১৬. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পিএফআই প্লান্ট মেরামত, ট্রান্সফরমার ওয়েল ও আনুষংগিক কাজ। | ১,২০,৬৪০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | পরিচালক, এসকেএমসিবিজিএইচ এর ১৭/১০/২০২১ তারিখের পত্র। |
| ১৭. | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের অফিস কক্ষ, পিএ ডেস্ক ও করিডোর এর ইন্টেরিয়র কাজ। | ১৮,৯১,৭১৬/- | বোর্ড তহবিল | |
| ১৮. | শহিদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত ডিভাইডার মেরামত করণ। | ৭৯,৫০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | |
| ১৯. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ১০টি টয়লেটের টাইলস্ স্থাপন, স্যানিটারী ফিটিংস পরিবর্তন ও পানির লাইন সংস্কার কাজ। | ৯,৯৭,৬৭০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | পরিচালক, এসকেএমসিবিজিএইচ এর ১৯/০৯/২০২১ তারিখের পত্র। |
| ২০. | মহাখালী ডিওএইচএস এলাকার ০৮ এবং ৩৩ নং রোড মেরামতসহ কার্পেটিং কাজ। | ৮,৩৫,৩৩৬/- | সংশিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল | মহাখালী ডিওএইচএস পরিষদের ০৯ আগস্ট ২০২১ তারিখের পত্র। |
| ২১. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের ৫২/এ (৪র্থ তলা দক্ষিণ পূর্ব পার্শ্ব) বাসা মেরামত ও রং করণ কাজ। | ১,২৮,২০৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | মোঃ আব্দুল জলিল, কঞ্জারভেন্সী সুপারভাইজার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড এর ২৫/১১/২০২০ তারিখের আবেদনপত্র। |
| ২২. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৯৭/এ টিনশেড এর পার্শ্বে ড্রেন ও পিট মেরামতসহ ড্রেনের স্ল্যাব নির্মাণ কাজ। | ৯২,৭৩৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | মোঃ মাহফুজুর রহমান, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর এর ২৫/৫/২০২১ তারিখের আবেদনপত্র। |
| ২৩. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি (২য় তলা দক্ষিণ পশ্চিম পার্শ্বের) ফ্ল্যাটের জানালায় সেফটি গ্রীল নির্মাণ কাজ। | ৯২,২৮২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | জান্নাত পারভীন ডেসপাস রাইডার, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর এর ২৬/৭/২০২১ তারিখের আবেদনপত্র। |
| ২৪. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি-১৯ (৫ম তলা উত্তর পূর্ব পার্শ্ব) বাসা মেরামত ও রং করণ কাজ। | ৮৯,৫০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | মোঃ কামরুল ইসলাম, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড এর ২৯/৭/২০২১ তারিখের আবেদনপত্র। |
| ২৫. | ক্যান্টনমেন্ট বোর্ডের পূর্বপার্শ্বে নবনির্মিত ভবনে ইন্টারকম, ল্যান (LAN), সিসি ক্যামেরা লাইন স্থাপন ও ৩টি নেটওয়ার্ক স্যুইচ সরবরাহ ও স্থাপন কাজ। | ৮১,০০০/- | বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত | |
| ২৬. | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের অফিস কক্ষ এবং পি এ রুমের ফার্নিচার সরবরাহ কাজ। | ১২,০৩,২৩২/- | বোর্ড তহবিল | |
| ২৭. | ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন রাস্তায় ট্রাফিক নিয়ন্ত্রণের লক্ষ্যে ৪০টি রোড সাইনবোর্ড নির্মাণ কাজ। | ১,৫৪,৯২০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তা-ঘাট) | লগ এরিয়া এমপি ইউনিটের ১১/১০/২০২১ তারিখের পত্র |
| ২৮. | মিরপুর ডিওএইচএস এর রোড নং-৫ এর (প্লট নং-৩৫০ হতে ৩৬৮ পর্যন্ত) ড্রেন পরিষ্কারসহ পিট উঁচুকরণ কাজ। | ৩,৬০,২৩৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |
| ২৯. | মিরপুর ডিওএইচএস এর রোড নং-৪৬/এ এবং রোড নং-১২(নতুন) এর ড্রেন পরিষ্কারসহ পিট উঁচুকরণ কাজ। | ৩,৭২,৫৫১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |
| ৩০. | মিরপুর ডিওএইচএস এর এভিনিউ-৩(প্লট নং-৬২৮ হতে ৮৬১ পর্যন্ত) এর ড্রেন পরিষ্কারসহ পিট উঁচুকরণ কাজ। | ৪,১৩,২৮৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |
| ৩১. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি-৫ (২য় তলা-দক্ষিণ পূর্ব পার্শ্ব) বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৪৭,৫৮৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) | এম এম সাজ্জাদুল আলম, কার্যসহকারীর ১৩/৭/২০২১ তারিখের আবেদন |
| ৩২. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/এ বিল্ডিং এর বাহির পার্শ্ব ওয়েদার কোটকরণসহ রেইন ওয়াটার পাইপ প্রতিস্থাপন এবং বাসার সামনে পার্কিং টাইলস্ স্থাপন ও ২য় তলা আংশিক মেরামত কাজ। | ৩,৩৯,৩৯৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) | জনাব মোঃ নজরুল ইসলাম, উপ-পরিচালক (ভূমি ও উন্নয়ন), সাভূক্যা এর ২৫/৮/২০২১ তারিখের আবেদন |
| ৩৩. | শহীদ সরণি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, স্বাধীনতা সরণি, শহীদ মঈনুল রোড এলাকা, ক্যান্টঃ বোর্ড অফিস, কঞ্জারভেন্সী ট্রাক ও ভ্যানগাড়ীর পরিষ্কার পরিচ্ছন্নতা কাজের জন্য কঞ্জারভেন্সী মালামাল ক্রয়। | ৩,৯৯,৬৪০/- | সাধারণ কঞ্জারভেন্সী | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৪. | ঢাকা সেনানিবাসের আবাসিক এবং ইউনিট এলাকার ময়লা আবর্জনা অপসারণ কাজের জন্য ০৮(আট)টি হাইড্রোলিক বক্স ট্রলি এবং ০১(এক)টি ট্রাক্টর ক্রয়ের ঘটনোত্তর অনুমোদন। | ৮৩,৩৪,০০০/- | বোর্ড তহবিল | ঘটনোত্তর অনুমোদন |
| ৩৫. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার জরুরী কাজের জন্য ০১টি ডাবল কেবিন পিকআপ ক্রয়। | ৩২,০০,০০০/- | সিংকিং ফান্ড | |
| ৩৬. | ঢাকা সেনানিবাস এলাকার ময়লা আবর্জনা সঠিকভাবে সংগ্রহ/অপসারণ কাজের জন্য ০২টি ০৫টনি হাইড্রোলিক ডাম্প ট্রাকের পরিবর্তে ৩টি তিন টনী হাইড্রোলিক ডাম্প ট্রাক ক্রয়।<br>(ঢাকা সেনানিবাস এলাকার ময়লা আবর্জনা সঠিকভাবে সংগ্রহ/অপসারণ কাজের জন্য ০২টি ০৫টনি হাইড্রোলিক ডাম্প ট্রাক প্রতিটি ৪৫,০০,০০০/-(পয়তাল্লিশ লক্ষ) টাকা হিসেবে ৯০,০০,০০০/-(নববই লক্ষ) টাকায় ক্রয়ের জন্য ৩০ জুন ২০২১খ্রিঃ তারিখের বোর্ডসভার আলোচ্যবিষয় ৩৭ এর মাধ্যমে বোর্ড ফান্ড হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। ০৫টনি হাইড্রোলিক ট্রাক দ্বারা সরু রাস্তা দিয়ে ডাষ্টবিন হতে ময়লা সংগ্রহ এবং ময়লা খানায় ময়লা অপসারণ কাজের ব্যাঘাত সৃষ্টি হবে বিধায় ০২টি ০৫টনি হাইড্রোলিক ট্রাকের পরিবর্তে ০৩টি ০৩টনি হাইড্রোলিক ট্রাক প্রতিটি ৩৩,০০,০০০/-(তেত্রিশ লক্ষ) টাকা হিসেবে সর্বমোট ৯৯,০০,০০০/-(নিরানববই লক্ষ) টাকা ব্যয় হতে পারে। উক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। ) | ৯৯,০০,০০০/- | বোর্ড তহবিল | |
| ৩৭. | বিএটিসি এলাকার ময়লা-আবর্জনা অপসারণ কাজে নিয়োজিত কঞ্জারভেন্সী ট্রাক নং ঢাকা মেট্রো-১১-৩৩৯২ মেরামতের জন্য খুচরা যন্ত্রাংশ ক্রয় ও বডি রংকরণ কাজ। | ১,৮০,০০০/- | বিএটিসি কঞ্জারভেন্সী খাত | |
| ৩৮. | জন্ম ও মৃত্যু নিবন্ধন শাখার জন্য দুইটি টেবিল ও ২টি এক্সিকিউটিভ চেয়ার ক্রয়। | ৭১,৪৮০/- | জন্ম ও মৃত্যু নিবন্ধন ফান্ড | |
| ৩৯. | ক্যান্টনমেন্টচ বোর্ড অফিসের মসজিদের পশ্চিম পার্শ্বে (আসবাবপত্রসহ) অপেক্ষাগার নির্মাণ কাজ। | ২৭,৯৬,৮৮২/- | বোর্ড তহবিল | |
| ৪০. | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের নিচতলায় পশ্চিম পার্শ্বে বারান্দায় (আসবাবপত্র সহ) অপক্ষাগার নির্মাণ কাজ। | ২৩,০৬,২০৮/- | বোর্ড তহবিল | |
| ৪১. | ক্যান্টনমেন্টএক্সিকিউটিভ অফিসারের অফিস কক্ষ (রেট্রোফিটিং), দ্বিতীয় তলার বারান্দা, সিঁড়ি ঘর, কর্ণার রুম এবং নিচতলার স্টোর রুম ও কঞ্জারভেন্সী অফিসারের রুম সংস্কার ও রংকরণ কাজ। | ৮,৯৮,৫৯১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) | |
| ৪২. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি-৯ (৩য় তলা দক্ষিণ-পূর্ব) পার্শ্বে নং বাসার টয়লেটে ও রান্না ঘরে টাইসলস্ স্থাপনসহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ১,৪৪,৪৭৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) | সুলতানা পারভীন, অফিস সহঃ কম্পিঃ মুদ্রাঃ এর আবেদন। |
| ৪৩. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার মুসলিম মর্ডাণ একাডেমীর পকেট গেট থেকে রজনীগন্ধা সুপার মার্কেট পকেট গেট পর্যন্ত রাস্তা উভয় পার্শ্বে প্রশস্থকরণ, কার্পেটিংকরণ, ড্রেন সংস্কার এবং ড্রেনের উপর ফুটপাতে টাইলস সরবরাহ ও স্থাপন কাজ। | ২০,৯৫,৫২১/- | অনুদান/বোর্ড তহবিল | |
| ৪৪. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার মুসলিম মর্ডাণ একাডেমীর দক্ষিণ-পূর্ব কর্ণার থেকে স্কুলের পকেট গেট পর্যন্ত রাস্তা উভয় পার্শ্বে প্রশস্থকরণ, কার্পেটিংকরণ,ড্রেন সংস্কার এবং ড্রেনের উপর ফুটপাতে টাইলস সরবরাহ ও স্থাপন কাজ। | ১৯,২৭,২৭৭/- | অনুদান/বোর্ড তহবিল | |
| ৪৫. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার পাম্প হাউজ হতে মুসলিম মর্ডাণ একাডেমীর দক্ষিণ-পূর্ব কর্ণার পর্যন্ত রাস্তা উভয় পার্শ্বে প্রশস্থকরণ, কার্পেটিংকরণ, ড্রেন সংস্কার এবং ড্রেনের উপর ফুটপাতে টাইলস সরবরাহ ও স্থাপন কাজ। | ১৬,১৪,৯৬৭/- | অনুদান/বোর্ড তহবিল | |
| ৪৬. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ডিজেল প্ল্যান্ট অফিসের সামনে হতে দক্ষিণে পাম্প হাউজ পর্যন্ত রাস্তা উভয় পার্শ্বে প্রশস্থকরণ, কার্পেটিংকরণ, ড্রেন সংস্কার এবং ড্রেনের উপর ফুটপাতে টাইলস সরবরাহ ও স্থাপন কাজ। | ২১,৩৭,১৮৮/- | অনুদান/বোর্ড তহবিল | |
| ৪৭. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহিদ বদিউজ্জামান রোডস্থ ০৩ নং রোড হতে দক্ষিণ দিকে ডিজেল প্ল্যান্টের অফিস পর্যন্ত রোড প্রশস্থকরণ, মেরামত ও কার্পেটিং এবং ফুটপাত বর্ধিত ও টাইলস লাগানো কাজ। | ১২,৯০,৫৪৬/- | অনুদান/বোর্ড তহবিল | |
| ৪৮. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহিদ বদিউজ্জামান রোড সংলগ্ন ০৫ নং রোড মেরামত ও কার্পেটিং এবং ড্রেন মেরামত কাজ। | ১৭,৩১,৪৩৬/- | অনুদান/বোর্ড তহবিল | |
| ৪৯. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহিদ বদিউজ্জামান রোড সংলগ্ন ০৬ নং রোড মেরামত ও কার্পেটিং এবং ড্রেন মেরামত কাজ। | ২৮,০৩,৫৫৬/- | অনুদান/বোর্ড তহবিল | |
| ৫০. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহিদ বদিউজ্জামান রোড সংলগ্ন ৬/এ নং রোড মেরামত ও কার্পেটিং এবং ড্রেন সংস্কার ও মেরামত কাজ। | ১৭,৫১,১৪৮/- | অনুদান/বোর্ড তহবিল | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫১. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং ১০ হতে রোড নং ১১ পর্যন্ত রোড মেরামত ও কার্পেটিং এবং ড্রেন সংস্কার ও মেরামত কাজ। | ২১,৫৪,৫১৭/- | অনুদান/বোর্ড তহবিল | |
| ৫২. | মহাখালী ডিওএইচএস এর ১ নং রোড ও ইস্টার্ণ রোডের টি জংশন পয়েন্টে এবং বনানী চেকপোষ্ট সংলগ্ন লিংক রোডে মোট ৪টি স্পীড ব্রেকার নির্মাণ কাজ। | ২,৪৮,৪১৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | মহাখালী ডিওএইচএস পরিষদরে ২৭/১০/২০২১ তারিখের পত্র |
| ৫৩. | ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন রাস্তায় ভিভিআইপি গমনাগমনকালে শাখা রাস্তা ব্যবহারের জন্য ৬০টি রোড ব্যারিয়ার নির্মাণ কাজ। | ৬,৩৬,০০০/- | বোর্ড তহবিল | আর্মি এমপি ইউনিটের পত্র। |
| ৫৪. | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর এয়ার কাটার স্থাপন। | ৯,৯০,৭৪৯/- | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সালামী হতে | এমডি, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ২৪/০৮/২০২১ তারিখের মির:/ডিওএইচ শঃকঃ/১০২/২০২১ নং পত্র। |
| ৫৫. | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের নিচতলায় সিঁড়ি রুম এবং বঙ্গবন্ধু কর্ণারের ইন্টেরিয়র কাজ। | ১০,৫২,৬৯৩/- | বোর্ড তহবিল | |
| ৫৬. | মিরপুর ডিওএইচএস এর ৬ নং রোডের ড্রেনের পিট উঁচুকরণ, স্ল্যাব নির্মাণ ও ড্রেন পরিষ্কারকরণ। | ২,৯১,১৭৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | মিরপুর ডিওএইচএস পরিষদ এর ১৯/৮/২০২১ তারিখের পত্র। |

আলোচনা: ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত: আলোচ্যবিষয়-২৯ এ উল্লেখিত ৫৬(ছাপ্পান্ন)টি প্রকল্প নিম্নবর্ণিতভাবে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

২৯.১: মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে ক্রমিক নং-৮ ও ৯ এ উল্লেখিত ২(দুই)টি প্রকল্প প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যেমে অনুমোদন করায় ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ২, ৩, ৬, ১১, ১২, ১৩, ১৬, ১৮, ১৯, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৫, ৩৭, ৩৮, ৪১, ৪২, ৫২, ৫৪ ও ৫৬ এ উল্লেখিত ৩০(ত্রিশ)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করা হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

২৯.২: ক্রমিক নং-৪ ও ৩৪ এ উল্লেখিত ২(দুই)টি প্রকল্প প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যেমে অনুমোদন করায় ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৫, ৭, ১০, ১৪, ১৫, ১৭, ২০, ২৬, ৩৬, ৩৯, ৪০, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫৩ ও ৫৫ এ উল্লেখিত ২২(বাইশ)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করা হলো। উল্লেখিত প্রকল্পসমূহের মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনসহ প্রয়োজনীয় অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৩০: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগেঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি ২০৭/১-এ হতে সিবি-২০৭/৩ পর্যন্ত কাঁচা রাস্তা পাকা করণ কাজ। | ২,৩৩,৬৯৭/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ২,৩৩,৬৯৭/ | বোর্ড তহবিল | |
| ২. | মহাখালী ডিওএইচএস এলাকার ইষ্টার্ণ রোডের পশ্চিম পার্শ্বে ডেসেকো উপ-কেন্দ্র হতে এসকেএস টাওয়ার পর্যন্ত বিএটিবি ও এসকেএস টাওয়ার কর্তৃপক্ষ কর্তৃক কর্তনকৃত রাস্তা মেরামত ও কার্পেটিং করণ। | ২০,৩১,২৬২/- | মেসার্স ইব্রাহিম এন্ড ব্রাদার্স | ২০,৩১,২৬২/- | বিএটিবি ও এসকেএস টাওয়ার কর্তৃপক্ষ কর্তৃক জমাকৃত অর্থ | |
| ৩. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোড মেরামত ও কার্পেটিং করণ এবং সংলগ্ন ড্রেন মেরামত কাজ। | ২৪,৭৮,১৮৭/- | এমএআরসিএস আর্কিটেক্ট এন্ড ইঞ্জিনিয়ার্স | ২৪,৭৮,১৮৭/- | বোর্ড তহবিল | |
| ৪. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহিদ সরণির ২ নং রোড সংলগ্ন ড্রেন পরিস্কার, ড্রেন উচুকরণ, স্ল্যাব নির্মাণ, ফুটপাত টাইলস্ সরবরাহ ও স্থাপন এবং কাঁচা রাস্তা পাকা করণ কাজ। | ৪,৬১,৭০২/- | মেসার্স খান ট্রেডার্স | ৪,৬১,৭০২/- | বোর্ড তহবিল | |
| ৫. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল, রাজস্ব, হিসাব ও স্টোর শাখার জন্য ০৬টি কম্পিউটার ক্রয় করণ। | ১০,৮২,৮৪৬/- | বর্নালী এসোসিয়েটস্ | ১০,৮১,৪৩৬/- | সংশ্লিষ্ট শাখার নৈমিত্তিক খাত | |
| ৬. | মিরপুর ডিওএইচএস এর এভিনিউ-২/এ, রোড নং-১৩/এ এর এলইডি স্ট্রীট লাইট স্থাপন কাজ। | ৫,১৫,৩১৩/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৫,১৫,৩১৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বোর্ড তহবিল | |
| ৭. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং রোডের মহাপরিচালক এর বাসা (ভিতরের অংশ) সংস্কার, মেরামত ও রং করণ কাজ। | ২২,০৬,৬৫৫/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ২২,০৬,৬৫৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ী) | |
| ৮. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-৯৬ (৩য় তলা) মেরামত ও রং করণ কাজ। | ৬৬,১০৫/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৬৬,০৩৮/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৯. | শহিদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের অধ্যক্ষ এর বাসার বাউন্ডারী ওয়াল উচু করণ এবং কনসার্টিনা ওয়্যার স্থাপনসহ রং করণ। | ৩,৩২,৪৭২/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৩,৩২,৩০৫/- | বোর্ড তহবিল | |
| ১০. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির ১০৭ নং বিল্ডিং এর ২য় তলার পূর্বাংশের টয়লেট ও বারান্দা ভেঙ্গে অপসারণ ও নিচতলায় মেরামত কাজ। | ৪২,৯২৩/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ৪২,৯২৩/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | |
| ১১. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-১০৬ এর ছাদের ওয়াটার ট্যাংকের ঢাকনা ও রেইন ওয়াটার পাইপ সরবরাহ ও স্থাপন কাজ। | ৫৮,৮০৪/- | মেসার্স আরাফাত এন্টারপ্রাইজ | ৫৮,৮০৪/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | |
| ১২. | সেনানীড়-১ কোয়ার্টারের সম্মুখে শিশুপার্কের আধুনিক খেলনা সামগ্রী সরবরাহ ও স্থাপন। | ২২,১৫,৫০০/- | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিঃ এন্ড কোং | ২২,১৫,৫০০/- | বোর্ড তহবিল | |
| ১৩. | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১৬টি টয়লেটে মোট ১৬টি ফ্লাট প্যান সরবরাহ ও স্থাপন কাজ। | ৪,৭৯,১০৬/- | মেসার্স বিএম ট্রেডার্স | ৪,৭৯,১০৬/- | শপিং কমপ্লেক্সের সালামী বাবদ প্রাপ্ত আয় হতে | |
| ১৪. | মিরপুর ডিওএইচএস ওয়াসা নং-০৩ এর উত্তর পার্শ্বের প্লাষ্টিক ওয়্যারমেসনেট দ্বারা ঘেরাওকরণ। | ১,৭৪,৬৫২/- | মেসার্স আরাফাত এন্টারপ্রাইজ | ১,৭৪,৩০৩/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত | |
| ১৫. | ২১শে নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস-২০২১ উপলক্ষে ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে ফুলের বীজ ও চারা সরবরাহ করণ কাজ। | ৪,৫৬,০০০/- | সিদ্দিক সীডস স্টোর | ৪,৫৫,০০০/- | উদ্যান খাত | ঘটনোত্তর অনুমোদন ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের অনুমোদিত। |
| ১৬. | ২১শে নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস-২০২১ উপলক্ষে ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে ফুলের বীজ সরবরাহ করণ কাজ। | ৪,৫৯,৫০০/- | কুষ্টিয়া সীডস স্টোর | ৪,৫৮,৮৭৫/- | সাধারণ কঞ্জারভেন্সী খাত | ঘটনোত্তর অনুমোদন ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের অনুমোদিত। |
| ১৭. | ২১শে নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস-২০২১ উপলক্ষে ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে ফুলের বীজ সরবরাহ করণ কাজ। | ৩,১১,১০০/- | কৃষিবিদ উপকরণ নার্সারী | ৩,১০,২০০/- | বিএটিসি খাত | ঘটনোত্তর অনুমোদন ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের অনুমোদিত। |
| ১৮. | ২১শে নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস-২০২১ উপলক্ষে ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে ফুলের বীজ ও চারা রোপনের জন্য মালামাল সরবরাহ করণ কাজ। | ৪,৬২,৫৩২/- | মেসার্স বি এম ট্রেডার্স | ৪,৬১,৯৩৭/- | সাধারণ কঞ্জারভেন্সী খাত | ঘটনোত্তর অনুমোদন ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের অনুমোদিত। |
| ১৯. | ২১শে নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস-২০২১ উপলক্ষে ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে ফুলের বীজ, চারা রোপনের জন্য মালামাল সরবরাহ করণ কাজ। | ৪,৯৯,৭৮৮/- | মেসার্স মিলন এন্টারপ্রাইজ | ৪,৯৯,৪১০/- | উদ্যান খাত | ঘটনোত্তর অনুমোদন ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের অনুমোদিত। |
| ২০. | ২১শে নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস-২০২১ উপলক্ষে ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের উপলক্ষ্যে ফুলের বীজ ও চারা রোপনের জন্য মালামাল সরবরাহ করণ কাজ। | ৩,১৫,৬০০/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৩,১৫,০৫০/- | উদ্যান খাত | ঘটনোত্তর অনুমোদন ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের অনুমোদিত। |
| ২১. | ঢাকা সেনানিবাস এলাকায় মশক নিধন কার্যক্রমের জন্য টেমিফস (লার্ভিসাইড) কিটনাশক সরবরাহ করণ কাজ। | ৩,৬০,০০০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৩,৫৯,০০০/- | সাধারণ কঞ্জারভেন্সী খাত | ঘটনোত্তর অনুমোদন ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের অনুমোদিত। |
| ২২. | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-০৮(নতুন) প্লট নং-৪৯৭ হতে প্লট নং-৫২৫ পর্যন্ত এবং এভিনিউ-০৪(নতুন) এর প্লট নং-৫৮৯ হতে ৫২৪ পর্যন্ত রাস্তা কার্পেটিং করণ। | ২২,০৫,৩৭৯/- | দি মুন এন্টারপ্রাইজ | ২২,০৫,৩৭৯/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল | |
| ২৩. | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১ম তলায় (উত্তর পার্শ্বের) টয়লেট নির্মাণ এবং ইউরিনাল নির্মাণ কাজ। | ৬,৪৭,৯৬১/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৬,৪৭,৯৬১/- | শপিং কমপ্লেক্সের সালামী | |
| ২৪. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে শহিদ সরনিস্থ শহিদ জাহাঙ্গীর গেইট হতে ইউসুফ রোড ও স্বাধীনতা সরণিসহ (উভয় পার্শ্ব) সিগন্যাল গেইট হয়ে বালুঘাট গোল চত্বর এবং সিগন্যাল গেইট হতে আইএসএসবি(রাস্তার উভয় পার্শ্ব) হয়ে জিয়া কলোনী এমপি চেকপোষ্ট পর্যন্ত ৭৬৮টি নিরাপত্তা বাতির পোল, সিগন্যাল পোল, গার্ডেন লাইট, টিএন্ডটি বক্স ও নিরাপত্তা বাতির কন্ট্রোল বক্স রং ও নাম্বারিং করণ কাজ। | ৩,১৬,৩৬৭/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৩,১৬,৩৬৭.০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৫. | শহিদ বদিউজ্জামান রোডস্থ ১১ নং রোডে ৮২ ও ৮৩ নং প্লটের উত্তর পার্শ্বে বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ৩,৭৪,০৫৩/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ৩,৯১,৬৩৩/- | বোর্ড তহবিল | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২৬. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে শহিদ জাহাঙ্গীর গেইট হতে স্বাধীনতা সরনির চৌরাস্তা পর্যন্ত এবং আর্মি এভিয়েশন হতে জাহাঙ্গীর গেইট আইল্যান্ড ফুলের চারী, বাসস্ট্যান্ড, গ্রীল, পাইপের রেলিং, চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৪,২১,৪৬০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৪,২১,০৩৮.০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৭. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে শহিদ লেঃ আনোয়ার গালর্স কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল পর্যন্ত ডিভাইডার, এয়ার হাউজের নিকটস্থ বিউটি স্পট, শিখা অনির্বান, ঈদগাহ মাঠের গ্রীল, হাসপাতালের দেয়াল, বিউটি স্পট, পাইপের রেলিং চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৪,৮৭,৩৭৭/- | মেসার্স পাপন এন্টারপ্রাইজ | ৪,৮৭,৩৭৭.০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৮. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতাল হতে স্টাফ রোড 'টি' ক্রস পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, বিউটি স্পট, বাসস্ট্যান্ড, গ্রীল চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৩,০২,৭৭৩/- | মেসার্স ইব্রাহিম এন্ড ব্রাদার্স | ৩,০২,৭৭৩.০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৯. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে স্টাফ রোড 'টি' ক্রস হতে উত্তর দিকে সিগন্যাল গেইট পর্যন্ত এবং পুর্বদিকে সমুন্নত স্বাধীতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ট্যাংক, কামান, ফুলের চারী, বিউটি স্পট, বাসস্ট্যান্ড, গ্রীল চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ। | ৩,০০,১৭৩/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৩,০০,১৭৩.০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩০. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ডিভাইডার, সাইনবোর্ড, গ্রীল, রজীগন্ধা এমপি চেকপোষ্ট ও গাড়ী পার্কিং, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রং এর কাজ ও সাইনবোর্ড লিখার কাজে। | ২,২১,৪৩৪/- | মেসার্স সেঞ্চুরী ইন্টারন্যাশনাল | ২,২১,২১২.০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩১. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে শহিদ সরণির ও স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, ফ্লোর পেভড টাইলস ও ওয়াল ফেসিং ব্রিক/টাইলস্ হাইজোনিক ওয়াসকরণ কাজ। | ২,৭৮,০০০/- | মেসার্স আমিন ব্রাদার্স | ২,৭৮,০০০.০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩২. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে ঢাকা সেনানিবাসের শহিদ সরণির ০৪টি এবং স্বাধীনতা সরণির ০১টি ফুটওভার ব্রিজ রংকরণ ও রাস্তার মাঝখানে এবং দুই পার্শ্বে প্লাষ্টিক রোড ডিভাইডার ধৌত, পরিস্কার, স্টীকার, রশি স্থাপন, আরসিসি রোড ডিভাইডার মেরামত ও রংকরণ কাজ। | ১,৯৭,৩৫৬/- | মেসার্স খান ট্রেডার্স | ১,৯৭,৩৫৬.০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩৩. | বারিধারা ডিওএইচএস এলাকার ০৯ নং রোডের প্লট নং-৪৯৮ হতে ৪৭৩ পর্যন্ত (মেইন রোডের পূর্ব দিকে) এবং ১৩ নং রোডের পূর্ব ও পশ্চিম দিকে রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ২১,৬৪,৬৫২/- | মেসার্স ঢাকা রাইস এজেন্সী | ২১,৬৪,৬৫২/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বোর্ড তহবিল | |
| ৩৪. | বারিধারা ডিওএইচএস এলাকার ইষ্টার্ন রোডের প্লট নং ১৬৬ হতে জোয়ার সাহারা গেইট পর্যন্ত রাস্তা মেরামতসহ কার্পেটিং কাজ। | ১২,৬৭,৭৩৮/- | মেসার্স জাহান ট্রেডার্স | ১২,৬৭,৬১১/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বোর্ড তহবিল | |
| ৩৫. | বারিধারা ডিওএইচএস এলাকার ৬ নং রোডের প্লট নং-৩৭৮ হতে ৪০৬ পর্যন্ত (মেইন রোড হতে পূর্ব দিকে) রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ২০,৭২,৭৭৭/- | মেসার্স আলী এন্ড এসোসিয়েটস্ | ২০,৭২,৫৬৯/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বোর্ড তহবিল | |
| ৩৬. | বনানী সামরিক কবরস্থানের পুরাতন স্থাপনা সংস্কার, মেরামত ও রং করণ কাজ। | ৬,৪৯,৬৩৯/- | রোজ ইন্টারন্যাশনাল | ৬,৪৯,৬৩৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | |
| ৩৭. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে শহিদ সরণির বীরশ্রেষ্ঠ শহিদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট হয়ে আইএসএসবি গেইট পর্যন্ত এবং স্বাধানতা সরণির উভয় পার্শ্বে ফুটপাতের ভাঙ্গা পেভড টাইলস্ ও ফেসিং ব্রিকস্ পুনঃ স্থাপন (পয়েন্টিংসহ), মেরামত কাজ। | ৩,৩৮,৮৭৭/- | মেসার্স মিম এন্টারপ্রাইজ | ৩,৩৮,৫৩৮.০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩৮. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে শহিদ সরণি এবং স্বাধীনতা সরণির পটহোল মেরামত ও কার্পেটিং কাজ। | ৬,৯১,৪২১/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৬,৯১,৪২১.০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | |
| ৩৯. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে মাটিকাটা এমপি চেকপোষ্ট হতে পূর্ব দিকে জিয়া কলোনী এমপি চেকপোষ্ট পর্যন্ত (ফ্লাইওভার বরাবর নিচে) ফুটপাত ও আইল্যান্ড (উভয় পার্শ্বে) মেরামত ও রংকরণ কাজ। | ৩,৭৫,২৪৪/- | মেসার্স বি এম ট্রেডার্স | ৩,৭৫,২৪৪.০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪০. | শহিদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পূর্ব পার্শ্বের বিল্ডিং (২য় তলা ভবন) এর নিলাম ডাকের মাধ্যমে ভেঙ্গে অপসারণ কাজ। | ১,৫৩,৩৯৬/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ২,৬০,০০০/- (সর্বোচ্চ দর) | প্রাপ্ত অর্থ বোর্ড তহবিলে জমা করা হবে। | প্রাপ্ত ৪টি দরের মধ্যে সর্বোচ্চ নিলাম দর অনুমোদন। |
| ৪১. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে শহিদ সরণি, স্বাধীনতা সরণি ও অন্যান্য রাস্তায় রোড মার্কিং পেইন্ট দ্বারা মার্কিং করণ কাজ। | ১০,০৭,৫৩১/- | মেসার্স মোল্লা এন্টারপ্রাইজ | ১০,০৭,৫৩১.০০ | বোর্ড তহবিল | |
| ৪২. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষ্যে ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ট্রাফিক নিয়ন্ত্রণ এর লক্ষ্যে স্টীকার দ্বারা লিখা সাইনবোর্ড এবং ডিভাইডারের জন্য বিভিন্ন মালামাল ক্রয় ও স্থাপন। | ৫,৫৫,৪৮২/- | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ৫,৫৫,৪৮২.০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ (জনসাধারণের উন্নয়নমূলক খাত) | |
| ৪৩. | শহিদ সরণিস্থ সেনাসদরের বিপরীত পার্শ্বের ইলেকট্রিক পোলে স্থাপিত ডিজিটাল স্পীড চেক রাডার যন্ত্রাংশ দ্বারা মেরামত ও পুনঃস্থাপন কাজ। | ৬৫,০০০/- | মেসার্স মিম এন্টারপ্রাইজ | ৬৪,৯৪১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৪৪. | শহিদ সরণিস্থ গ্যারিসন ট্রাষ্ট ব্যাংকের সম্মুখে যাত্রী ছাউনির ফ্লোরে এবং পোষ্ট অফিস ভবনের সম্মুখে পেভড টাইলস্ স্থাপনসহ দক্ষিণাংশে পিসিসি ঢালাই করণ কাজ। | ১,২১,২৮৮/- | মেসার্স সফিক ট্রেডিং কর্পোরেশন | ১,২১,১৬৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | |
| ৪৫. | শহিদ সরণিস্থ জাহাঙ্গীর গেইট সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বের ম্যানহোলের রডের জালী এবং ফুটপাতের সাইডে রডের জালী স্থাপন কাজ। | ২,১১,৬২৩/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ২,১১,৪১১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | |
| ৪৬. | স্বাধীনতা সরণিতে ভিভিআইপি যাতায়াতের কারণে (জাতীয় শোক দিবস) আইল্যান্ড ও ডিভাইডার রং/চুন দ্বারা উজ্জল করণ কাজ। | ৮০,৫৪৪/- | মেসার্স সেঞ্চুরী ইন্টারন্যাশনাল | ৮০,৪৬৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৪৭. | মিরপুর ডিওএইচএস এলাকায় প্লট নং-৮৮১ হতে ১৩২৩ পর্যন্ত এলইডি স্ট্রীট লাইটের আর্থিং করণ কাজ। | ৫৪,৫০১/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৫৪,৫০১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৪৮. | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে ১৬০০ কেজি কার্গো লিফট স্থাপনের জন্য লিফট কোর নির্মাণের বর্ধিত কাজ। | ৫৮,৫৮,০৯৫/- | সূচী কনস্ট্রাকশন | ৫৮,৫২,৯০৬/- | শপিং কমপ্লেক্সের সালামী | |
| ৪৯. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ইনডোর ও আউটডোর এর ঔষধ সরবরাহ করণ। | ৫,৫৪,৫০০/- | মেডিসিন পয়েন্ট | ৫,৫৪,৫০০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | |
| ৫০. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের এ্যাম্বুলেন্স সিএনজি/এলপিজি করণ। | ৬৪,৫০০/- | দি বিল্ডার্স এন্ড কমার্স | ৬৪,৫০০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত | |
| ৫১. | সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাবরেটরী মালামাল সরবরাহ করণ। | ১১,২১,০২৮/- | মেসার্স মনির এন্ড কোং | ১১,২১,০২৮/- | হাসপাতালের ল্যাবরেটরী ফান্ড | |
| ৫২. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক রিকশা লাইসেন্স ইজারার নিমিত্ত (ক্যান্ট বোর্ড কর্তৃক প্রদত্ত নমুনা অনুসারে) ডিজিটাল নম্বর প্লেট, বারকোড রিডার আইডি কার্ড তৈরীকরণ কাজ। | ১২,০০,০০০/- | রাশেদা এক্সিম ইন্টারন্যাশনাল | ১২,০০,০০০/- | রিকশা ইজারার মূল্য হতে | |
| ৫৩. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে ট্রাফিক নিয়ন্ত্রণ কাজে বিভিন্ন দ্রব্য সামগ্রী ক্রয় ও স্থাপন কাজ। | ৯,৪৭,৬০০/- | রিবাত ইন্টারন্যাশনাল | ৯,৪৬,৫০০/- | বোর্ড তহবিল | |
| ৫৪. | সশস্ত্র বাহিনী দিবস ২০২১ উপলক্ষে ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন প্রধান সড়ক, সকল এমপি চেকপোষ্ট এবং সেনানিবাসের অভ্যন্তরে সৌন্দর্য বর্ধন কার্যক্রম সম্পন্ন করার জন্য বিভিন্ন দ্রব্য সামগ্রী ক্রয় ও স্থাপন। | ২১,৫৫,৭৫৬/- | রিবাত ইন্টারন্যাশনাল | ২১,৫৫,১১৬/- | বোর্ড তহবিল | |
| ৫৫. | মহাখালী ডিওএইচএস এর রোড নং-১, ১৬, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৪, ২৫, ৩৪, ৩৫সহ বিভিন্ন রোডের পটহোল মেরামতসহ কার্পেটিং কাজ। | ১১,১৭,৬৮৬/- | রিবাত ইন্টারন্যাশনাল | ১১,১৭,৬৮৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | |
| ৫৬. | রজনীগন্ধা টাওয়ার এর ৫২৭০০ wp অনগ্রিড সোলার সিস্টেম মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৩,২৫,৬৮২/- | রিবাত ইন্টারন্যাশনাল | ৩,২৪,৯০৬/- | বোর্ড তহবিল | |
| ৫৭. | কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-অ-১১-০৭৪৯ নং ট্রাকের খুচরা যন্ত্রাংশ ক্রয় ও মেরামত। | ২,৭০,০০০/- | মেসার্স বি এম ট্রেডার্স | ২,৬৯,৫০০/- | বিএএফ কঞ্জারভেন্সী খাত | |
| ৫৮. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং-১ পুরাতন হয়ে জীর্ণশির্ণ হওয়ায় ময়লা আবর্জনা সংগ্রহের কাজে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। বিভিন্ন যন্ত্রাংশ প্রতিস্থাপন ও বডি মেরামত কাজ। | ৩,১৬,০২৪/- | মেসার্স মিলন এন্টারপ্রাইজ | ৩,১৫,৪৫০/- | কঞ্জারভেন্সী | |
| ৫৯. | কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-অ-১১-০০১৪ নং ট্রাকের খুচরা যন্ত্রাংশ ক্রয় ও মেরামত। | ২,২৬,৪৪০/- | মেসার্স বি এম ট্রেডার্স | ২,২৫,৮০০/- | সাধারণ কঞ্জারভেন্সী খাত | |

আলোচনা: আলোচ্যবিষয়-৩০ এর ছকে উল্লেখিত প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা এবং সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সম্মুখে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত: ৩০.১: ক্রমিক নং-৫, ৭, ১৪ ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২৪, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৫, ৫৭, ৫৮ ও ৫৯ এ বর্ণিত ৩৬(ছত্রিশ)টি প্রকল্পের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

৩০.২: ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৬, ৯, ১২, ১৩, ২২, ২৩, ২৫, ৩৩, ৩৪, ৩৫, ৪১, ৪৮, ৫৩, ৫৪ ও ৫৩ এ বর্ণিত ১৯(উনিশ)টি প্রকল্পের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

৩০.৩: ক্রমিক নং- ৮, ১০ ও ১১ এ উল্লেখিত ০৩(তিন)টি প্রকল্প পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩০.৪: ক্রমিক নং-৪০ এ উল্লেখিত ২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকার সর্বোচ্চ নিলাম দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩১: "ডাক অধিদপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় ঢাকা ক্যান্টনমেন্ট সাব পোষ্ট অফিসের নতুন ভবন নির্মাণের লক্ষ্যে বর্তমান ভবনটি ভাঙ্গার অনুমতি প্রদান প্রসংগে প্রকল্প পরিচালক, "ডাক অধিদপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প এর ১৭ অক্টোবর ২০২১ তারিখের ১৪.৩১.০০০০.০৫১.১৪.০০৩.১৯.অংশ-১ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: "ডাক অধিদপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় ঢাকা ক্যান্টনমেন্ট সাব পোষ্ট অফিসের নতুন ভবন নির্মাণের লক্ষ্যে দুই তলা বিশিষ্ট ঢাকা ক্যান্টনমেন্ট সাব পোষ্ট অফিসের বর্তমান ভবনটি ভেঙ্গে ফেলার অনুমতির জন্য প্রকল্ পরিচালক, "ডাক অধিদপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প এর ১৭ অক্টোবর ২০২১ তারিখের ১৪.৩১.০০০০.০৫১.১৪.০০৩.১৯.অংশ-১ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট সাব পোষ্ট অফিসের বর্তমান ভবনটি ক্যান্টনমেন্ট বোর্ডের অধীন "সি" শ্রেণীভুক্ত জমি নয় বিধায় এ বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব নয়।

আলোচ্যবিষয়-৩২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় নির্মিত ভবন ভাঙ্গার অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় নিম্নবর্ণিত পুরাতন ভবনসমূহ ভাঙ্গার অনুমতি চাওয়া হয়েছেঃ-

| ক্র: নং | প্লট মালিকের নাম | এলাকার নাম | প্লট নম্বর | বিদ্যমান ভবনের তলার সংখ্যা | আবেদনের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১. | মিসেস গুলশান আরা গং | মহাখালী ডিওএইচএস | ৩৫০ | ৪ | ২১/৯/২০২১ |
| ২. | মিসেস ফাতেমা রুবী গং | কচুক্ষেত পুরান বাজার | সিবি-৬৭/এ | ৪ | ০২/৮/২০২১ |
| ৩. | বেগম শামছুন নাহার গং | কচুক্ষেত পুরান বাজার | সিবি-২৮৫ | ৪ | ৩০/৯/২০২১ |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্ধারিত শর্তাবলী পালন সাপেক্ষে তালিকায় উল্লেখিত ০৩(তিন)টি পুরাতন ভবন ভাঙ্গার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৩: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখার জন্য একটি ফটোকপিয়ার মেশিন ক্রয়ের নিমিত্ত ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখার কাজের পরিধি পূর্বের তুলনায় অনেক বৃদ্ধি পেয়েছে। উক্ত কাজের গতি বৃদ্ধির লক্ষ্যে চিঠিপত্র এবং দৈনন্দিন অন্যান্য পত্রসমূহ ফটোকপি করার নিমিত্ত ০১(এক)টি ফটোকপিয়ার মেশিন প্রয়োজন। ০১(এক)টি ফটোকপিয়ার মেশিন ক্রয়ের জন্য ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় প্রকৌশল শাখার নৈমিত্তক খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখার জন্য একটি ফটোকপিয়ার ক্রয়ের নিমিত্ত ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রকৌশল শাখার নৈমিত্তক খাত হতে সংকুলান করতে হবে। বিধি মোতাবেক দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-৩৪: স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯ অক্টোবর ২০২১ তারিখের ৬১২/২২/রঃসুঃমাঃ নং পত্রের মাধ্যমে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর এমডি কর্তৃক মার্কেটের পার্কিং, ফায়ার হাইড্রেন্ট, সিসি ক্যামেরা ও সেন্ট্রাল এসির কুলিং সিস্টেম প্রসংগে প্রেরিত পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স সংক্রান্ত বিষয়ে প্রাপ্ত নিম্নবর্ণিত আবেদনপত্রের উপর পরবর্তী ক্যান্টনমেন্ট বোর্ডসভায় আলোচনার নিমিত্তে আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করণ প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯ অক্টোবর ২০২১ তারিখের ৬১২/২২/রঃসুঃমাঃ নং পত্রের মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণ করা হয়েছে :

(ক) মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের পার্কিং ইজারা সম্পন্ন না হওয়ায় মার্কেটে আগত ক্রেতাগণ যত্রতত্র সাইকেল, মটর সাইকেল পার্কিং করে থাকে। ফলে সম্মানিত ক্রেতাগণের/দোকানের কর্মচারীগণের প্রতিনিয়ত সাইকেল চুরি হচ্ছে। যে কারণে মার্কেটের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। মার্কেটে নিরাপত্তা জনবল সীমিত হওয়ার কারণে সার্বক্ষণিক সকল স্থানে পাহারা রাখা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায়, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের পার্কিং ইজারা প্রদানের এমডি, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ০৪/১০/২০২১ তারিখের মির:/ডিওএইচ শঃকঃ/১০২/২০২১ নং পত্রের মাধ্যমে অনুরাধ জানিয়েছেন। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

(খ) মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ফায়ার হাইড্রেন্ট পদ্ধতির কার্যকারিতা সম্পর্কে মার্কেটের কোন কর্মচারী অবগত নয়। মার্কেটে সংযোজিত ফায়ার হাইড্রেন্ট পদ্ধতি কিভাবে কাজ করে তা মার্কেটে কর্মরত কর্মচারীদের জানা অত্যন্ত জরুরি। এমতাবস্থায়, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ফায়ার হাইড্রেন্ট পদ্ধতির কার্যকারিতা ও পরিচালনার জন্য প্রশিক্ষণ প্রদান প্রসংগে এমডি, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ০৪/১০/২০২১ তারিখের মির:/ডিওএইচ শঃকঃ/১০২/২০২১ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানিয়েছেন। উল্লেখ্য, ইতোমধ্যে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার রংপুর মেটাল ইন্ডাস্ট্রিজ লিমিটেডকে অত্র দপ্তরের ০৭ অক্টোবর ২০২১ তারিখের ২৩.২২.৭০০১. ০১৮.০১.১৮.২৩৫১/ এ/১/৫০.৩৪৪২ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। কার্যক্রম প্রক্রিয়াধীন। আরও উল্লেখ্য, এমডি, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ১৭/১০/২০২০ তারিখের মির:/ডিওএইচ শঃকঃ/১০২/২০২০/১২৪ নং পত্রের প্রেক্ষিতে মার্কেটের দু'জন কর্মচারীকে ইতোমধ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছিল। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

(গ) মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের প্রত্যেক তলায় নিরাপত্তা সংরক্ষণের জন্য সিসি ক্যামেরা রয়েছে। কিন্তু উক্ত সিসি ক্যামেরাসমূহ অধিকাংশ অকেজো/ অকার্যকর ছিল। সিসি ক্যামেরাসমূহ সচল/কার্যকর করা হলে অল্প কয়েকদিন পর ৩য়, ৪র্থ, ৫ম তলার সিসি ক্যামেরাসমূহ পুনরায় অকার্যকর হয়ে যায়। এমতাবস্থায়, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সিসি ক্যামেরা মেরামত/সচল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এমডি, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ০৪/১০/২০২১ তারিখের মির:/ডিওএইচ শঃকঃ/১০২/২০২১ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানিয়েছেন। উল্লেখ্য, ইতোমধ্যে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার মাহাবুব ব্রাদার্স প্রাঃ লিমিটেডকে অত্র দপ্তরের ০৭ অক্টোবর ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১৮.০৪.২০. মিঃডিঃশঃকঃ-০৩.১৫০.৩৪৪৩ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। কার্যক্রম প্রক্রিয়াধীন। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

(ঘ) মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স পরিচালনার জন্য মার্কেটের কুলিং সিস্টেমস্ (সেন্ট্রাল এসি), লিফট, এসকেলেটর ও জেনারেটর রক্ষণাবেক্ষণ ও সর্বদা সচল রাখা জরুরি। মার্কেট শুরু হওয়াতে যেসকল সার্ভিস প্রদানকারী সংস্থা সার্ভিস দিয়ে আসছিল তাদের সার্ভিস প্রদানের সময় শেষ হয়েছে। এমতাবস্থায়, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের কুলিং সিস্টেমস (সেন্ট্রাল এসি), লিফট, এসকেলেটর ও জেনারেটর রক্ষণাবেক্ষণের জন্য সার্ভিস প্রদানকারী সংস্থার সাথে চুক্তিবদ্ধ হওয়ার জন্য এমডি, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ০৫/১০/২০২১ তারিখের মির:/ডিওএইচ শঃকঃ/১০২/২০২১ নং পত্রের মাধ্যমে অনুরোধ জানিয়েছেন। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ফায়ার হাইড্রেন্ট, সিসি ক্যামেরা ও সেন্ট্রাল এসির কুলিং সিস্টেম এর কাজ সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হতে ক্যান্টনমেন্ট বোর্ডকে বুঝে নিয়ে যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। ফায়ার হাইড্রেন্ট, সিসি ক্যামেরা ও সেন্ট্রাল এসির কুলিং সিস্টেম নিয়মিত রক্ষণাবেক্ষণ কাজের জন্য রক্ষণাবেক্ষণকারী প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে বিধি মোতাবেক দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-৩৫: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে একটি বিশুদ্ধ পানির ফিল্টার স্থাপনের জন্য বিএ-৩৪৭১ মেজর তারিক মুজতাহিদ সুবহানী (অবঃ), ডেপুটি জেনারেল ম্যানেজার, ট্রাষ্ট ওভারসীজ রিক্রুটিং এজেন্সী (টোরা), আর্মি ওয়েলফেয়ার ট্রাষ্ট সদর দপ্তর এর গত ০৭/১০/২০২১ তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: বিএ-৩৪৭১ মেজর তারিক মুজতাহিদ সুবহানী (অবঃ), ডেপুটি জেনারেল ম্যানেজার, ট্রাষ্ট ওভারসীজ রিক্রুটিং এজেন্সী (টোরা), আর্মি ওয়েলফেয়ার ট্রাষ্ট সদর দপ্তর গত ০৭/১০/২০২১ তারিখের পত্রের মাধ্যমে জানিয়েছেন যে, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে কর্মরত ব্যক্তি এবং শপিং কমপ্লেক্সে যাতায়াতকারী ব্যক্তিদের বিশুদ্ধ পানি পান করার কোন সুব্যবস্থা নেই। তিনি মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ট্রাষ্ট এটিএম বুথের পশ্চিম পার্শ্বে একটি ওয়াটার ফিল্টার (রিভার্স ওসমোসিস পদ্ধতি) স্থাপন করতে ইচ্ছুক। উক্ত ফিল্টার হতে দিনে ২০০ হতে ৩০০ ব্যক্তি পানি পান করতে পারবে। ওয়াটার ফিল্টারটি স্থাপন করতে আনুমানিক ৪'-০"×৬'-০" = ২৪.০০ বর্গফুট জায়গা প্রয়োজন হবে। উক্ত ফিল্টারটি তিনি নিজ খরচে স্থাপন ও রেক্ষণাবেক্ষণ করবেন।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে নিজ খরচে একটি বিশুদ্ধ পানির ফিল্টার স্থাপনের জন্য বিএ-৩৪৭১ মেজর তারিক মুজতাহিদ সুবহানী (অবঃ), ডেপুটি জেনারেল ম্যানেজার, ট্রাষ্ট ওভারসীজ রিক্রুটিং এজেন্সী (টোরা), আর্মি ওয়েলফেয়ার ট্রাষ্ট সদর দপ্তর-কে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে বিশুদ্ধ পানির ফিল্টার নিজ দায়িত্ব নিয়মিত রক্ষণাবেক্ষ করতে হবে।

আলোচ্যবিষয়-৩৬: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর সম্মুখের রেইন শেড নির্মাণ কাজের মূল্যানুমান সংশোধনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার সূচী কনস্ট্রাকশন এর ২৫/০১/২০২১ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর সম্মুখের রেইন শেড নির্মাণ কাজের জন্য জিই (আর্মি) মিরপুর কর্তৃক প্রস্তুতকৃত ৬৮,১৮,৭৬৬/- (আটষট্টি লক্ষ আঠার হাজার সাতশত ছেষট্টি) টাকার মূল্যানুমান ২৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-৪৯ এর সিদ্ধান্তের প্রেক্ষিতে সিএমইএস (আর্মি) ঢাকা সেনানিবাস কর্তৃক ভেটিং করা হয়। পরবর্তীতে সাভূক্যা অধিদপ্তরের চূড়ান্ত অনুমোদন গ্রহণ করত: দরপত্র আহবানের মাধ্যমে সূচী কনস্ট্রাকশনকে ৬৭,৬৯,৫৩৭/- টাকার কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ অনুযায়ী কাজটি সম্পন্ন করা হয়। উক্ত কাজের মূল্যানুমানের ১৯ নং আইটেমের রেট ৪,৯৬৪/- টাকার স্থলে ভুলক্রমে ৯৬৪/- টাকা উল্লেখ করা হয়েছে বিধায় উক্ত আইটের রেট সংশোধন করে ৪,৯৬৪/- টাকা নির্ধারণ করা হলে বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে মর্মে সংশ্লিষ্ট ঠিকাদার সূচী কনস্ট্রাকশন ২৫/০১/২০২১ তারিখে আবেদন করেছেন।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর সম্মুখের রেইন শেড নির্মাণ কাজের মূল্যানুমান সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস কর্তৃক ভেটিং করত: পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৭: মিরপুর ডিওএইচএস এর ৬২৭ নং প্লটে নির্মিত হেলে পড়া ভবনটি ভেঙ্গে ফেলার বিষয়ে প্রশাসনিক সিদ্ধান্তের জন্য আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এর ৬২৭ নং প্লটে নির্মিত হেলেপড়া ভবন সম্পর্কে এমআইএসটির ২৩ আগস্ট ২০২১ তারিখের সিএটিএস-এমআইএসটি/সিই/মিরপুর-৬২৭/০৮/২০২১ নং পত্রের মাধ্যমে উক্ত ভবন অনিরাপদ মর্মে মতামত প্রদান করা হয়। বিষয়টি ২৯ আগস্ট ২০২১ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-১৮(২) এর মাধ্যমে উপস্থাপন করা হলে মিরপুর ডিওএইচএস এর ৬২৭ নং প্লটে নির্মিত ভবনটির বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে পুনরায় এমআইএসটির মতামত চেয়ে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে অত্রদপ্তরের ২৭ সেপ্টেম্বর ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১৮.০৩.০৫.মিরপুর-৬২৭.৩১-৩৩৮১ নং পত্রের মাধ্যমে মিরপুর ডিওএইচএস এলাকার ৬২৭ নং প্লটে নির্মিত ঝুঁকিপূর্ণ ভবনটির বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে মতামত প্রদানের জন্য এমআইএসটিতে অনুরোধ জানানো হয়। তৎপ্রক্ষিতে এমআইএসটির ২৬ অক্টোবর ২০২১ তারিখের সিএটিএস-এমআইএসটি/ সিই/মিরপুর-৬২৭/১০/২০২১ নং পত্রের জানিয়েছেন যে, এমআইএসটির পরামর্শক দল বিষয়োক্ত ভবন সরেজমিনে পরিদর্শন পূর্বক নকশা পর্যালোচনা করে উক্ত ভবনটি অনিরাপদ হিসেবে সংযুযক্ত করিগরী প্রতিবেদন প্রদান করে। উক্ত ঝুঁকিপূর্ণ ভবনটির বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে প্রশাসনিক নির্দেশনা ও সিদ্ধান্তের ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ৬২৭ নং প্লটে নির্মিত হেলে পড়া ভবনটি ভেঙ্গে ফেলার বিষয়ে প্রশাসনিক সিদ্ধান্তের জন্য সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৮: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে নিরাপত্তা কর্মীদের থাকার জন্য রুম তৈরি করণ প্রসংগে এমডি, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ০৭/০৯/২০২১ তারিখের মির:/ডিওএইচ শঃকঃ/১০২/২০২১ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে নিরাপত্তা কর্মীদের থাকার জন্য রুম তৈরি করণের জন্য এমডি, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ০৭/০৯/২০২১ তারিখের মির:/ডিওএইচ শঃকঃ/ ১০২/২০২১ নং পত্রের প্রেক্ষিতে ৪,৯৮,৬২৭/- টাকার মূল্যানুমান প্রস্তুত করা হযেছে। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: মার্কেটের মাস্টার প্ল্যান যাচাই করে পরবর্তী বোর্ডসভায় সুনির্দিষ্ট প্রস্তাব উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৯: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ইউনিট প্রতি বিদ্যুৎ বিল পুনঃনির্ধারণ প্রসংঙ্গে।

আলোচনা: ১৬ জুলাই ২০২০ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়- ৩৩ এর সিদ্ধান্তের প্রেক্ষিতে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর বিদ্যুৎ বিলের ইউনিট প্রতি মূল্য ১৫.৫০ টাকা নির্ধারণ করা হয়। ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে কিউএমজি মহোদয়ের সভাপতিত্বে সেনাসদরে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভা এবং সেনাসদরের ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখের ৩৯১৭/১/ ক্যান্টনমেন্ট বোর্ড-ঢাকা/এমকিউ-২ নং পত্রের প্রেক্ষিতে ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে স্টেশন সদর দপ্তরে স্টেশন কমান্ডার মহোদয়ের সভাপতিত্বে একটি অগ্রগতি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর বিদ্যুৎ বিলের বিষয়ে আলোচনা হয় এবং অক্টোবর ২০২১ হতে বিদ্যুৎ বিল প্রতি ইউনিট ১৫.৫০ টাকার স্থলে ১৩.৫০ টাকা হারে নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। উল্লেখ্য মার্কেটের ৩০১ টি দোকানের মোট আয়তন ৭০৭৩২ বর্গফুট। সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত মার্কেট হওয়ায় সার্বক্ষণিক এসি সচল থাকে। কমন ইউজ এর বিদ্যুৎ বিল দোকানের আয়তন অনুযায়ী আনুপাতিক হারে সমভাবে বন্টন করা হয় এবং ঢাকা ওয়াসা হতে সরবরাহকৃত পানির বিল শপিং কমপ্লেক্স এর মোট ৩০১ টি দোকানের মধ্যে সমহারে বন্টন করা হচ্ছে। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ইউনিট প্রতি বিদ্যুৎ বিল ১৫/৫০ (পঁনের টাকা পঞ্চাশ পয়সা) টাকার স্থলে ১৩/৫০ (তের টাকা পঞ্চাশ পয়সা) টাকা হারে নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া কমন ইউজ এর বিদ্যুৎ বিল ও পানির বিল দোকানের আয়তন অনুযায়ী আনুপাতিক হারে সমভাবে বন্টন করার সিদ্ধান্ত গৃহীত হলো। যা অক্টোবর ২০২১ হতে কার্যকর হবে।

আলোচ্যবিষয়-৪০: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে গত ২৯/০৮/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যবিষয়-২২ এর অনুবৃত্তিক্রমে বাসা ভাড়া মওকুফের বিষয়ে গঠিত কমিটির দাখিলকৃত প্রতিবেদন/প্রস্তাবনার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মরহুম মনোয়ার মাহমুদ, সহকারী শিক্ষক(গণিত), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী, ঢাকা সেনানিবাস এর স্ত্রী ঝরনা আক্তার স্টাফ কোয়ার্টার ৪৮/এ, ভবন-১, (৫ম তলার দক্ষিণ পার্শ্বের ফ্ল্যাট) এর ডিসেম্বর/২০২২ পর্যন্ত বাসা ভাড়া মওকুফের জন্য গত ১৮/০৫/২০২১ খ্রিঃ তারিখে আবেদন করেন। আবেদনকারীর স্বামী মনোয়ার মাহমুদ গত ১৮/০৪/২০২১ খ্রিঃ তারিখে কভিড-১৯ করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকায় মৃত্যুবরণ করেন। তাঁর স্বামীর মৃত্যুতে তাদের পরিবার চরমভাবে অসহায় হয়ে পড়ে এবং ঢাকায় তাদের বাসস্থানের কোন ব্যবস্থা নেই। মরহুমের ০১পুত্র ও ০৩ কন্যা সন্তান রয়েছে। তাদের ০২টি মেয়ে শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজে এবং পুত্র সন্তান আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক

স্কুলে অধ্যয়নরত। তন্মধ্যে ০১ মেয়ে ২০২২ সালের এসএসসি পরীক্ষার্থী। এ বিষয়ে সিদ্ধান্তের জন্য গত ২৯/০৮/২০২১ খ্রিঃ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্য বিষয়-২২ এর মাধ্যমে উপস্থাপন করা হলে লেঃ কর্ণেল মোঃ মেজবাহ উদ্দিন খান, এএএন্ডকিউএমজি, সিএমএইচ, ঢাকা এর সভাপতিত্বে একটি কমিটি করা হয়। গঠিত কমিটি গত ১২/১০/২০২১ খ্রিঃ তারিখে নিম্নবর্ণিত প্রতিবেদন/প্রস্তাবনা উপস্থাপন করেনঃ-

Bangladesh Gazette, Published on Nov 11, 1982 Government of the People's Republic of Bangladesh, Ministry of Works Notification এর বিধি-১৫ এর আলোকে মরহুম মনোয়ার মাহমুদ, সহকারী শিক্ষক(গণিত), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী, ঢাকা সেনানিবাস এর বিধবা স্ত্রী ও সন্তানদের নিজস্ব কোন আবাসন ব্যবস্থা এবং পর্যাপ্ত আয়ের উৎস না থাকায় তাঁর স্ত্রী ঝরনা আক্তারের আবেদনের প্রেক্ষিতে ১৮/০৪/২০২১ খ্রিঃ তারিখ থেকে ১৭/০৪/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য বিনা ভাড়ায় বিদ্যুৎ, গ্যাস ও পানির বিল নিজ দায়িত্বে পরিশোধ করার শর্তে উক্ত বাসা দখলে রাখার অনুমতি প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত: মরহুম মনোয়ার মাহমুদ, সহকারী শিক্ষক(গণিত), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী, ঢাকা সেনানিবাস এর পরিবারকে উল্লেখিত বাসায় ১৮/০৪/২০২১ খ্রিঃ তারিখ থেকে ১৭/০৪/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য বিনা ভাড়ায় বিদ্যুৎ, গ্যাস ও পানির বিল নিজ দায়িত্বে পরিশোধ করার শর্তে বসবাস করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যবিষয়-৪১: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ঢাকা মেট্রো-চ-৫৩-৭০০৩ মাইক্রোবাসটি অকেজো/অচল (Condemn) ঘোষণাকরণ এবং একটি নতুন মাইক্রোবাস ক্রয়ের নিমিত্তে ৪৩,০০,০০০/- (তেতাল্লিশ লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে।

আলোচনা: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পরিচালক (প্রশাসন) তাঁর ১৯/০৯/২০২১ খ্রিঃ তারিখের এসকেএমসিবিজিএইচ/১৯৬ নং পত্রের মাধ্যমে অত্র দপ্তরে অবহিত করেন, উক্ত হাসপাতালের ঢাকা মেট্রো-চ-৫৩-৭০০৩ মাইক্রোবাসটির নানাবিধ সমস্যা দেখা দেওয়ায় বেশ কয়েকবার মেরামত করা হয়, কিন্তু কিছুদিন পর পর উক্ত মাইক্রোবাসটি বিকল হয়ে যায় এবং ব্যবহারের অনুপযুক্ত হয়ে পড়ে। উল্লেখ্য, ২০১২ সাল হতে উক্ত মাইক্রোবাসটি ব্যবহার করা হচ্ছে এবং অনেকবার ব্যবহারের ফলে এখন জরাজীর্ণ হয়ে পড়েছে বিধায় উক্ত মাইক্রোবাসটি অকেজো/অচল (Condemn) ঘোষণা করে নিলাম/বিক্রয় করতঃ একটি নতুন মাইক্রোবাস ক্রয়ের জন্য প্রস্তাব পেশ করেছেন। গাড়ীটি দীর্ঘকাল ব্যবহারের ফলে বর্তমানে প্রায়শই চলন্ত অবস্থায় অচল হয়ে পড়ে। বিভিন্ন যন্ত্রাংশের পরিবর্তনের মাধ্যমে গাড়ীটি সচল রাখা হয়েছে। এভাবে গাড়ীটি চালানো খুবই ঝুঁকিপূর্ণ এবং ব্যয় বহুল বিধায় নতুন একটি মাইক্রোবাস ক্রয়ের নিমিত্ত বর্তমানে গাড়ীটি অচল ঘোষণা করা প্রয়োজন। হাসপাতালের ১৬৬ জন জনবলের বিপরীতে ০১(এক)টি মাত্র মাইক্রোবাস রয়েছে। হাসপাতালের জরুরী ও রোগী সেবা অব্যাহত রাখতে জরুরী ভিত্তিতে মাইক্রোবাসটি অচল ঘোষণা করতঃ সরকারী বিধি অনুসারে একটি নতুন মাইক্রোবাস ক্রয় করা প্রয়োজন। একটি নতুন গাড়ী ক্রয় করতে ৪৩,০০,০০০/- (তেতাল্লিশ লক্ষ) টাকা ব্যয় হবে।

সিদ্ধান্ত: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ঢাকা মেট্রো-চ-৫৩-৭০০৩ মাইক্রোবাসটি অকেজো/অচল (Condemn) ঘোষণাকরণ এবং একটি নতুন মাইক্রোবাস ক্রয়ের নিমিত্ত বাস্তবতার নিরিখে প্রয়োজনীয়তা যাচাই করে পরবর্তী বোর্ডসভায় স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৪২: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (মাস্টার রোল) ০১ (এক) জন আইসিএ এবং ০৫ (পাঁচ) জন সিনিয়র স্টাফ নার্স নিয়োগ প্রসংগে।

আলোচনা: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ১৬/১০/২০২১ খ্রিঃ তারিখের এসকেএমসিবিজিএইচ/২২৭ ও ২৪০ নং পত্রের মাধ্যমে অস্থায়ী জনবল নিয়োগের নিমিত্ত নিয়োগ কমিটির সুপারিশসহ নিম্নবর্ণিত প্রার্থীগণকে নামের পার্শ্বে বর্ণিতভাবে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাসিক নির্ধারিত বেতনে শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য অনুরোধ করেছেনঃ-

| ক্র/নং | প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | পদের নাম | সর্বসাকুল্যে মাসিক বেতন | নিয়োগের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ সুলতানুল আরেফিন<br>পিতা-মোঃ এমদাদুল হক, মাতা-নুরুন নাহার বেগম<br>গ্রাম ও ইউনিয়ন-জোত ভগবান, পোঃ-পাহাড়পুর-৬৫৩০, থানা-মহাদেবপুর, জেলা-নওগাঁ। | আইসিএ | ১৭,০০০/- (নির্ধারিত) | ২৪/১০/২০২১ |
| ২. | জনাব নূরজাহান<br>পিতা-মোঃ আজাহার আলী, মাতা-সুখিরন বেগম<br>গ্রাম-কেওটাই, পোঃ-কুড়ালিয়া,<br>থানা-মধুপুর, জেলা-টাংগাইল। | সিনিয়র স্টাফ নার্স | ১৫,০০০/- (নির্ধারিত) | ০১/১০/২০২১ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | জনাব শাহনাজ খাতুন<br>পিতা-মোঃ শাজাহান আলী, মাতা-হেনা বেগম<br>গ্রাম-কয়ড়া দক্ষিণ, পোঃ-ভাতকুড়া, থানা-ধনবাড়ী, জেলা-টাংগাইল। | সিনিয়র স্টাফ নার্স | ১৫,০০০/- (নির্ধারিত) | ০৮/১০/২০২১ |
| ৪. | জনাব মোসাঃ দৌলতুন নেসা<br>পিতা-মোঃ শমসের আলী, মাতা-মোসাঃ নাসিমা বেগম, গ্রাম-খেতুর, পোঃ-প্রেমতলী,<br>থানা-গোদাগাড়ী, জেলা-রাজশাহী। | সিনিয়র স্টাফ নার্স | ১৫,০০০/- (নির্ধারিত) | ০১/১০/২০২১ |
| ৫. | জনাব মানসী রায়<br>পিতা-লক্ষি কান্ত, মাতা-কল্পনা রাণী<br>গ্রাম-রাজাপুর, পোঃ-বাসুদেবপুর,<br>থানা-চিরিরবন্দর, জেলা-দিনাজপুর। | সিনিয়র স্টাফ নার্স | ১৫,০০০/- (নির্ধারিত) | ০১/১০/২০২১ |
| ৬. | জনাব অনিমা রানী বাইন<br>পিতা-গুনধর চন্দ্র বাইন<br>মাতা-উষা রানী বাইন<br>গ্রাম-মাগুরা, পোঃ-বাকাই,<br>থানা-গৌড়নদী, জেলা-বরিশাল। | সিনিয়র স্টাফ নার্স | ১৫,০০০/- (নির্ধারিত) | ১৩/১০/২০২১ |

উক্ত ব্যয় হাসপাতালের বেতন ভাতা খাত হতে সংকুলান করা হবে।

সিদ্ধান্ত: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (মাস্টার রোল) ০১ (এক) জন আইসিএ এবং ০৫ (পাঁচ) জন সিনিয়র স্টাফ নার্স কাজে যোগদানের তারিখ হতে নিয়োগের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৪৩: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের স্টোরে সংরক্ষিত অকেজো পুরাতন নিলামযোগ্য মালামাল (যেমন-পুরাতন ফটোকপিয়ার মেশিন, ওয়াল মুভিং ফ্যান, সিলিং ফ্যান, পুরাতন ইউপিএস, এলইডি লাইট, স্ট্যাপলার মেশিন, গাড়ির ব্যাটারী, গাড়ির পুরাতন বিভিন্ন ক্ষুদ্র যন্ত্রাংশ, পুরাতন সোফা, বিভিন্ন ধরণের নষ্ট লাইট, পুরাতন ভ্যান গাড়ি ইত্যাদি) নিলামে বিক্রির নিমিত্ত ১,৩১,০০০/- (এক লক্ষ একত্রিশ হাজার) টাকার দর অনুমোদন প্রসংগে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের স্টোরে সংরক্ষিত অকেজো পুরাতন নিলামযোগ্য মালামাল (যেমন-পুরাতন ফটোকপি মেশিন, ওয়াল মুভিং ফ্যান, সিলিং ফ্যান, পুরাতন ইউপিএস, এলইডি লাইট, স্টাপলার মেশিন, গাড়ির ব্যাটারী, গাড়ির পুরাতন বিভিন্ন ক্ষুদ্র যন্ত্রাংশ, পুরাতন সোফা, বিভিন্ন ধরণের নষ্ট লাইট, পুরাতন ভ্যান গাড়ি ইত্যাদি) নিলামে বিক্রির নিমিত্ত ২৪/১০/২০২১ তারিখে দরপত্র আহবান করা হয়। নির্ধারিত তারিখে জিডিও'র উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হলে মোট ০৩টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে আদিফা এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত ১,৩১,০০০/- (এক লক্ষ একত্রিশ হাজার) টাকার দরটি সর্বোচ্চ হওয়ায় নিলাম দরটি সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের স্টোরে সংরক্ষিত অকেজো পুরাতন নিলামযোগ্য মালামাল ) নিলামে বিক্রির নিমিত্ত আদিফা এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত ১,৩১,০০০/- (এক লক্ষ একত্রিশ হাজার) টাকার সর্বোচ্চ দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৪৪: স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৬ অক্টোবর, ২০২১ তারিখের ৬১২/২২/রঃসুঃমাঃ নং পত্রের সাথে রজনীগন্ধা সুপার মার্কেটে অসহায় শহীদ পরিবারের জন্য দোকান বরাদ্দের নিমিত্ত মোসাঃ রাবেয়া বেগম, স্বামী-শহীদ বীর মুক্তিযোদ্ধা সার্জেন্ট আব্দুর রহমান সিকদার এর ০৯ সেপ্টেম্বর, ২০২১ তারিখের আবেদন এবং হাফেজ মোঃ ওমর আলী, পিতা- মরহুম মোঃ আব্দুর রাজ্জাক মোল্লার ২৫ অক্টোবর, ২০২১ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: (i) প্রস্তবানাটির উপর আলোচনায় জানা যায় যে, মোসাঃ রাবেয়া বেগম, স্বামী- শহীদ বীর মুক্তিযোদ্ধা সার্জেন্ট আব্দুর রহমান সিকদার ১৬ এপ্রিল, ২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর রজনীগন্ধা সুপার মার্কেটে একটি দোকান বরাদ্দের জন্য আবেদন করেন। তৎপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগের ০৪ জুন, ২০১৮ তারিখের ০৬.০০.০০০০.০১৬.৭৩.০০০.১৮/২৪২ নং পত্রের মাধ্যমে সেনাসদর, এজি'র শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর বরাবর উক্ত আবেদনটি বিশেষভাবে বিবেচনা করে একজন অসহায় শহীদ মুক্তিযোদ্ধা পরিবারকে সাহায্য

করার জন্য অনুরোধ জানানো হয়। সেনাসদর, এজি'র শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তরের ১২ জুন, ২০১৮ তারিখের ৪৭০১/৩/বিবিধ/কল্যাণ নং পত্রের মাধ্যমে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৪ জুন, ২০১৮ তারিখের ৬১২/১/রজনীগন্ধা নং পত্রের মাধ্যমে জানানো হয় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে খুব শীঘ্রই একটি কিচেন মার্কেট নির্মাণ করা হবে। উক্ত কিচেন মার্কেটে শহীদ সেনা সদস্যের স্ত্রীকে অগ্রাধিকার ভিত্তিতে একটি দোকান বরাদ্দ করার ব্যবস্থা গ্রহণ করা হবে। কিন্তু বিভিন্ন কারণে কিচেন মার্কেট নির্মাণ কাজ শুরু করা হয়নি বিধায় দোকান বরাদ্দ করা যায়নি। এ প্রেক্ষিতে সেনাসদর, এজি'র শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তরের ১২ অক্টোবর, ২০২১ তারিখের ৪৭০১/৩/বিবিধ/কল্যাণ নংপত্রের মাধ্যমে মোসাঃ রাবেয়া বেগম, স্বামী- শহীদ বীর মুক্তিযোদ্ধা সার্জেন্ট আব্দুর রহমান সিকদার এর ০৯ সেপ্টেম্বর, ২০২১ তারিখের আবেদনটি পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় প্রেরণ করা হয়েছে।

(ii) হাফেজ মোঃ ওমর আলী, পিতা- মরহুম মোঃ আব্দুর রাজ্জাক মোল্লাকে রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী ব্লকের ৩/এ নং দোকান বরাদ্দ প্রদান করা হয়েছিল। উক্ত দোকানটি বাজারের এক পার্শ্বে বিধায় ক্রেতা সমাগম না হওয়ায় উক্ত স্থানের পরিবর্তে তাকে অন্য একটি স্থান বরাদ্দ প্রদানের জন্য আবেদন করেছেন।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মোসাঃ রাবেয়া বেগম, স্বামী- শহীদ বীর মুক্তিযোদ্ধা সার্জেন্ট আব্দুর রহমান সিকদার এবং হাফেজ মোঃ ওমর আলী, পিতা- মরহুম মোঃ আব্দুর রাজ্জাক মোল্লা-কে রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী শেডের দক্ষিণ-পশ্চিম কর্ণারে গ্রুপ টয়লেটে সংলগ্ন স্থানে প্রত্যেককে ৫ফুট X ১০ফুট = ৫০ বর্গফুট জায়গা নিজ খরচে দোকান করার জন্য বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। ০৫(পাঁচ) বছরের জন্য উক্ত স্থান বরাদ্দ প্রদান করা হলো এবং পাঁচ বছরের জন্য উক্ত স্থানের সালামী ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা নির্ধারণ করা হলো।

আলোচ্যবিষয়-৪৫: কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-১৫০ নং প্লটে নতুন ০৬(ছয়) তলা ভবনের (পুরাতন ০২ তলা ভবন ভেঙ্গে) নকশা অনুমোদন প্রসংগে।

আলোচনা : কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-১৫০ নং প্লটে নতুন ০৬(ছয়) তলা ভবনের (পুরাতন ০২ তলা ভবন ভেঙ্গে) নকশা অনুমোদনের জন্য প্লট মালিকের আবেদনের প্রেক্ষিতে ২৯ আগস্ট ২০২১ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-১২.৪(২) এর মাধ্যমে উপস্থাপন করা হলে ক্যান্টনমেন্ট বোর্ডের সহকারী প্রকৌশলী (সিভিল) জনাব নাফিস হায়দারকে অধিকতর যাচাই বাছাই করে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার বরাবর প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে সহকারী প্রকৌশলী (সিভিল) জনাব নাফিস হায়দার কর্তৃক প্লটটি সরেজমিনে পরিদর্শন এবং নকশা পর্যালোচনাপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদন অনুযায়ী প্লটের সম্মুখে ৬'-০" রাস্তা বিদ্যমান রয়েছে। দাখিলকৃত নকশায় সেটব্যাক ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। ঢাকা ক্যান্টনমেন্ট (ইমারত নির্মাণ) উপ-আইন ২০২০ অনুযায়ী উক্ত প্লটে ০৬(ছয়) তলা ভবন নির্মাণে কোন বাধা নেই। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: সেনাসদর, কিউএমজি শাখার অনুমোদন সাপেক্ষে কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-১৫০ নং প্লটে নতুন ০৬(ছয়) তলা ভবনের (পুরাতন ০২ তলা ভবন ভেঙ্গে) নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৪৬: মিরপুর ডিওএইচএস এর ৭৬৯ নং প্লটে ৭ম তলার উপর ৮ম তলা নির্মাণের সংশোধিত নকশা এমআইএসটি'র কারিগরী ভেটিং প্রসংগে।

আলোচনা : মিরপুর ডিওএইচএস এর প্লট নং-৭৬৯ এর সংশোধিত ০৮(আট) তলার (৭ম তলার উপর ৮ম তলা) নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং এর জন্য সংশ্লিষ্ট প্লট মালিক ১৯ অক্টোবর ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। কারিগরী ভেটিং এর যাবতীয় ব্যয় প্লট মালিক বহন করবেন মর্মে আবেদনে উল্লেখ করেন। উল্লেখ্য গত ১৫ জানুয়ারি ২০১১ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৭৬৯/মিরপুর ডিওএইচএস/১৩ নং পত্রের মাধ্যমে উক্ত প্লটে ০৬ তলা (আট তলা ফাউন্ডেশনসহ) বাড়ির নকশা অনুমোদন করা হয়। পরবর্তীতে গত ০২ মে ২০১২ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৭৬৯/মিরপুর ডিওএইচএস/২৩ নং পত্রের মাধ্যমে সংশোধিত ০৭(সাত) তলার (আট তলা ফাউন্ডেশনসহ) নকশা অনুমোদন করা হয়। সংশোধিত ০৮(আট) তলার (৭ম তলার উপর ৮ম তলা-আট তলার ফাউন্ডেশনসহ) নকশা অনুমোদনের জন্য ৩১ জানুয়ারি ২০২১ তারিখে সংশ্লিষ্ট প্লট মালিক অত্র দপ্তরে আবেদন করেন, যা গত ১০ মার্চ ২০২১ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-২৬(১০) এর মাধ্যমে উপস্থাপন করা হলে সংশোধিত ০৮(আট) তলার (৭ম তলার উপর ৮ম তলা) নকশা অনুমোদন করা হয়। এমতাবস্থায়, সংশ্লিষ্ট প্লট মালিকের আবেদনের প্রেক্ষিতে সংশোধিত ০৮(আট) তলার (৭ম তলার উপর ৮ম তলা) নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং এর জন্য প্রেরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস এর ৭৬৯ নং প্লটে ৭ম তলার উপর ৮ম তলা নির্মাণের সংশোধিত নকশা কারিগরী ভেটিং এর জন্য এমআইএসটি-তে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। কারিগরী ভেটিং বাবদ এমআইএসটির যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

আলোচ্যবিষয়-৪৭: মহাখালী সদর এলাকার ৭ নং হোল্ডিংয়ে এশিয়ান কনজুমার কেয়ার প্রাঃ লিমিটেড এর নামে ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : ঢাকা সেনানিবাসস্থ মহাখালী সদর এলাকার ৭ নং প্লটটি সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস কর্তৃক সেনাকল্যান সংস্থাকে ইজারা প্রদান করা হয়েছে। বিস্বস্ত সূত্রে জানা যায় উক্ত ইজারা মেয়াদ উত্তীর্ণ হয়ে গিয়েছে। পরবর্তী ইজারা মেয়াদ বৃদ্ধির জন্য সেনাকল্যাণ সংস্থা কর্তৃক আবেদন করা হয়েছে। যার কার্যক্রম চলমান রয়েছে। অতঃপর সেনাকল্যাণ সংস্থা কর্তৃক ৭ নং মহাখালী সদর এলাকায় বিদ্যমান ভবনের কিছু অংশ এশিয়ান কনজুমার কেয়ার প্রাঃ লিমিটেডকে ০৩(তিন) বছর মেয়াদে ভাড়া প্রদান করা হয়েছে। এশিয়ান কনজুমার কেয়ার প্রাঃ লিমিটেড কর্তৃক উক্ত ঠিকানায় পন্য বাজারজাতকরণ, আমদানী ও রপ্তানীকারক ব্যবসার ট্রেড লাইসেন্স চেয়ে ৩১ আগস্ট ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উক্ত ঠিকানায় এশিয়ান কনজুমার কেয়ার প্রাঃ লিমিটেড-কে ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে আলাচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ০১(এক) বছর মেয়াদে ট্রেড লাইসেন্স প্রদান করা হয়ে থাকে।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্ধারিত ফি গ্রহণ সাপেক্ষে এশিয়ান কনজুমার কেয়ার প্রাঃ লিমিটেড-কে ট্রেড লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।
সংযুক্তঃ পরিশিষ্ট-'ক'

**(কাজী মোহাম্মদ হাসান)**
সেক্রেটারি, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট
ফোনঃ ৯৮৩৫৫৬৫, ই-মেইল : ceocbd@gmail.com

**(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সেলিম মাহমুদ, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি)**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট-'ক'

# সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এম মনিরুজ্জামান, (ট্যাজ), এনজিপি, পিএসসি, বিএন — উপস্থিত
অধিনায়ক, বানৌজা হাজী মহসীন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) গ্রুপ ক্যাপ্টেন মোঃ আহসানুর রহমান, জিইউপি, এএফডব্লিউসি, পিএসসি, জিডি(পি) — উপস্থিত
অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) কর্ণেল সৈয়দ ওবায়দুল্লাহ হেল সাফী, এএফডব্লিউসি, পিএসসি — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস।
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) লেঃ কর্ণেল মোঃ মারুফুল আবেদীন, বীর — উপস্থিত
এএএন্ডকিউএমজি, সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়া, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) লেঃ কর্ণেল মোঃ মেজবাহ্ উদ্দিন খান — উপস্থিত
এএএন্ডকিউএমজি, সিএমএইচ, ঢাকা
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) মেজর এ টি এম আহসান হাবিব, আর্টিলারী — উপস্থিত
এডহক স্টেশন সদর দপ্তর, মিরপুর, ঢাকা
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) মেজর স্মৃতি দত্ত, আর্টিলারী — উপস্থিত
লজিস্টিকস্ এরিয়া এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৮) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক — উপস্থিত
বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৯) জনাব হেলাল উদ্দিন আহমেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(১০) কে. এম. ইশমাম — উপস্থিত
সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।